# চতুর্থ বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০১৭ - জুন ২০১৮

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি , বাংলাদেশ

# বার্ষিক প্রতিবেদনঃ জুলাই ২০১৭ - জুন ২০১৮

**উপদেষ্টা পরিষদঃ**

রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, ভাইস-চ্যান্সেলর
কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন, ডিন (এফএমজিপি)
কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
কমডোর শেখ মাহমুদুল হাসান, (এইচ), এনপিপি, এওডবিউসি, পিএসসি, বিএন, ডিন (এফইওএস)

**সম্পাদনা পরিষদঃ**

| | |
|---|---|
| ড. আলতাফ হোসেন, একাডেমিক উপদেষ্টা | সভাপতি |
| স্বপন কুমার বড়ুয়া. উপ-পরিচালক (বাজেট) | সদস্য |
| মোহাম্মদ ইখতিয়ারুল হক, সহঃ রেজিস্ট্রার (একাডেমিক) | সদস্য |
| রাজু আহম্মেদ, প্রভাষক (ইংরেজি) | সদস্য |
| স্বর্ণা দত্ত, প্রভাষক (বাংলা) | সদস্য |
| মোঃ মাইনুর রহমান, প্রটোকল অফিসার | সদস্য |
| আহাম্মদ করিম, সহকারী কম্পিউটার প্রোগ্রামার | সদস্য |
| মোঃ সালমান সাদেকীন চয়ন, পাবলিক রিলেশন অফিসার | সদস্য |

**সহায়তাঃ**

অমিত মহন্ত, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
আব্দুর রাজ্জাক, অফিস সহকারী কাম ডাটা প্রসেসর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

**প্রকাশকঃ**

রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১০ শ্রাবণ ১৪২৫
২৫ জুলাই ২০১৮

## বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর চতুর্থ বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। বিগত বছরের কার্যক্রমের দালিলিক প্রমাণ ও প্রতিচ্ছবি হিসেবে এ ধরণের প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে আরো বেগবান করবে বলে আমার বিশ্বাস।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশে বিশেষায়িত বিশ্ববিদ্যালয় হিসেবে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনবল তৈরির শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে দেশের উন্নয়নে অবদান রেখে চলেছে। বাংলাদেশের বিশাল সমুদ্র এলাকা মৎস্য ও খনিজ সম্পদে সমৃদ্ধ। এসব সম্পদ আহরণ, রক্ষণাবেক্ষণ ও অনুসন্ধানে প্রয়োজন আধুনিক প্রযুক্তি ও দক্ষ জনশক্তি। আমি আশা করি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আধুনিক প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনবল তৈরির মাধ্যমে দেশের অর্থনীতিতে ব্লু ইকোনমির অবদান বাড়াতে অগ্রণী ভূমিকা রাখতে সক্ষম হবে।

সরকার ২০২১ সালের মধ্যে দেশকে মধ্য আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তর করতে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন করছে। এরই মধ্যে দেশ আজ স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার স্বীকৃতি অর্জন করেছে। একটি সুখী, সমৃদ্ধ ও উন্নত দেশ গঠন এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে মেরিটাইম সেক্টর একটি অত্যন্ত সম্ভাবনাময় খাত। এ সম্ভাবনাকে কাজে লাগাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রেখে মেরিটাইম বিষয়ে উচ্চশিক্ষা, গবেষণার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সচেষ্ট থাকবে - এ প্রত্যাশা করি।

আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



**ভাইস-চ্যান্সেলর**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## মুখবন্ধ

মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার প্রসার ও গবেষণা দ্বারা নতুন নতুন তত্ত্ব ও জ্ঞান সৃষ্টি, দক্ষ জনবল তৈরী এবং উন্নত প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ" নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমান সরকারের বলিষ্ঠ নেতৃত্বে বঙ্গোপসাগরে দেশের স্থল ভাগের প্রায় সমান আয়তনের অর্জিত বিশাল সমুদ্র সীমায় প্রাকৃতিক ও খনিজ সম্পদ অনুসন্ধান, আহরণ ও উত্তোলনে প্রয়োজন আধুনিক প্রযুক্তি এবং দক্ষ জনবল। সে লক্ষ্য পূরনের উদ্দেশ্যেই মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ছিল বর্তমান সরকারের এক সময়োপযোগী উদ্যোগ।

নিঃসন্দেহে মেরিটাইম সংক্রান্ত উচ্চ শিক্ষা, গবেষণা ও আধুনিক প্রযুক্তি ছাড়া অর্জিত সামুদ্রিক এলাকার সুফল অর্জন করা সম্ভব নয়। বিশ্ববিদ্যালয় সেই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখেই ঢাকা অস্থায়ী ক্যাম্পাসের সীমিত জায়গায় কতিপয় স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর প্রোগ্রাম চালু করেছে এবং আরো নতুন প্রোগ্রাম চালুর উদ্দ্যোগ গ্রহণ করেছে।

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম জেলার বন্দর থানাধীন কালুরঘাট এলাকার চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক বরাদ্দকৃত একশত ছয় একর জায়গা বিশ্ববিদ্যালয়ের নামে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। স্থায়ী ক্যাম্পাসের ডিপিপি অনুমোদন হওয়ার সাথে সাথে স্থায়ীক্যাম্পাস প্রতিষ্ঠার কার্যক্রম শুরু করা হবে। আমরা ২০২১ সালের মধ্যে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছি। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী ০৭ টি ফ্যাকাল্টির অধীনস্ত ৩৮ টি বিভাগ এবং ০৪ টি ইন্সটিটিউটের মাধ্যমে স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডি প্রভৃতি উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে।

বিগত বছর সমূহের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের চতুর্থ বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। আমি এর সাথে জড়িত উপদেষ্টা, সম্পাদনা পরিষদ এবং বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তরকে ও অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমিকে তথ্য-উপাত্ত প্রদান করে সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

সরকার কর্তৃক ঘোষিত ভিশন ২০২১ অনুযায়ী দেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১-এর মধ্যে একটি সমৃদ্ধ ও উন্নত দেশ-এ পরিণত করার জন্য ব্লু-ইকোনমির অবদানে এই বিশ্ববিদ্যালয় অগ্রনী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

আমি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের উত্তরোত্তর সমৃদ্ধি ও মঙ্গল কামনা করছি।

মহান আল্লাহ আমাদের সহায় হউন।
আল্লাহ হাফেজ। বাংলাদেশ চিরজীবি হউক।

রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি
ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



## সম্পাদকীয়

সমুদ্র বিষয়ক উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশকে ২০৪১১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীত করার লক্ষ্যে মেরিটাইম সংশ্লিষ্ট শিক্ষা ও সম্পদ আহরণ, আধুনিক ও উন্নত প্রযুক্তি উদ্ভাবন, সমুদ্র সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিতকল্পে বিশ্ববিদ্যালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রতি বছরের মত এবছরও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর বার্ষিক প্রতিবেদন প্রকাশ হচ্ছে। চতুর্থ বার্ষিক প্রতিবেদনটি ১লা জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের একটি সমন্বিত দালিলিক প্রতিচ্ছবি। এ প্রতিবেদনটি একদিকে যেমন এ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করবে, অপরদিকে শিক্ষার্থী ও অনুসন্ধিৎসু ব্যক্তিবর্গের চাহিদাও পূরণ করবে বলে আমি আশা করি। এই কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে তথ্য-উপাত্ত দিয়ে সার্বিক সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে সম্পাদনা পরিষদ ধন্যবাদ জানাচ্ছে।

চতুর্থ বার্ষিক প্রতিবেদন প্রকাশকালে উপদেষ্টা মহোদয় গণের প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য তাঁদের সকলের প্রতি কৃতজ্ঞতা জানাই। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়কে তাঁর সদয় পৃষ্ঠপোষকতা, দিক-নির্দেশনা ও গতিশীল নেতৃত্বের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এছাড়া সম্পাদনা পরিষদের অক্লান্ত পরিশ্রমী সকল সদস্য এবং প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

অধ্যাপক ড. আলতাফ হোসেন
সভাপতি
সম্পাদনা পরিষদ
চতুর্থ বার্ষিক (২০১৭-২০১৮) প্রতিবেদন প্রণয়ন কমিটি

## সূচিপত্র

**১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ.......................... ০০**
১.১. সিনেট........................................................................................................ ০০
১.২. সিন্ডিকেট.................................................................................................... ০০
১.৩. একাডেমিক কাউন্সিল.................................................................................. ০০
১.৪. অর্থ কমিটি.................................................................................................. ০০
১.৫. পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি................................................................ ০০

**২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর সংক্ষিপ্ত পরিচিতি............... ০০**

**৩. Mission, Vision and Goals.................................................................................০০**

**৪. অনুষদ ও বিভাগসমূহ.................................................................................. ০০**
৪.১. আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ........................................................................ ০০
৪.২. ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ.................................................................০০
৪.৩. জেনারেল স্টাডিজ অনুষদ..................................................................................০০
৪.৪. ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন ও ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর একাডেমিক কার্যক্রম ..............................

**৫. উপাচার্য সচিবালয়ের কার্যক্রম....................................................................................**

**৬. রেজিস্ট্রার দপ্তরের সম্পাদিত উলেখযোগ্য কার্যক্রম..........................................................**

৬.১. রেজিস্ট্রার অফিস (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন).............................

৬.২. রেজিজিস্ট্রার দপ্তর কর্তৃক প্রতিবেদিত বছরে আয়োজিত অনুষ্ঠান ও কর্মকান্ড .............................

**৭. ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ সেল এর কার্যক্রম............................................**

**৮. সংবিধিবদ্ধ সভার কার্যক্রম.......................................................................................**

**৯. পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকান্ড................................................................................**

**১০. অর্থ ও হিসাব দপ্তরের অধীনে গৃহীত কার্যক্রম..................................................................**

**১১. পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর এবং ইঞ্জিনিয়ারিং সেকশনের সম্পাদিত উলেখযোগ্য কার্যক্রম...**

**১২. আইসিটি সেন্টারের কর্মকান্ড......................................................................................**

**১৩. কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকান্ড.........................................................................**

**১৪. কলেজ, একাডেমী ও ইন্সটিটিউট পরিদর্শক এর কার্যক্রম......................................................**

**১৫. অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমির উন্নয়ন কর্মকান্ড..........................................**

**১৬. বিশ্ববিদ্যালয়ের জনবল...............................................................................................**

**১৭. ফটোগ্যালারী...........................................................................................................**

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ -এর কর্তৃপক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ হলো সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অনুষদ, পাঠক্রম কমিটি, অর্থ কমিটি, পরিকল্পনা উন্নয়ন ও মূল্যায়ন কমিটি, বাছাই বোর্ড, শৃঙ্খলা কমিটি, বোর্ড অব এডভান্সড স্টাডিস অ্যান্ড রিসার্চ এবং সংবিধি মোতাবেক গঠিত অন্যান্য কর্তৃপক্ষ।

## সিনেট

**বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর বর্তমান সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নিম্নরূপঃ**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | চেয়ারম্যান |
| রিয়ার এডমিরাল মোঃ খুরশেদ আলম, এনডিসি, পিএসসি (অবঃ)<br>সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| রিয়ার এডমিরাল এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি,<br>মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | সদস্য |
| রিয়ার এডমিরাল এম শাহীন ইকবাল, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>সহকারী নৌ-প্রধান (পার্সোনেল), বাংলাদেশ নৌ-বাহিনী | সদস্য |
| প্রফেসর ড. মোঃ আখতার হোসেন<br>সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ মহিউদ্দিন খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| কমডোর ইয়াহইয়া সৈয়দ, (সি), বিসিজিএমএস, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর শেখ মাহমুদুল হাসান, (এইচ), এনপিপি, এওডব্লিউসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| জনাব এস. এম. আবুল কালাম আজাদ<br>যুগ্ম-সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব এএসএম মামুনুর রহমান খলিলী<br>যুগ্ম-সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>যুগ্ম-সচিব (বু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| ক্যাপ্টেন এম এ ফসিউর রহমান, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব আরিফুর রহমান খান<br>মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে, MIMarEST<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা | সদস্য |

## সিন্ডিকেট

**বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর বর্তমান সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নিম্নরূপ:**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| প্রফেসর ড. এম. শাহন্‌ওয়াজ আলি<br>সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| ট্রেজারার<br>বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব ভোলা নাথ দে<br>অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব বেগম খালেদা পারভীন<br>অতিরিক্ত সচিব (জেনারেল), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| বেগম খালেদা পারভীন, অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়<br>গণভবন কমপ্লেক্স, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ | সদস্য |
| জনাব গোলাম শফিউদ্দিন<br>অতিরিক্ত সচিব (বু-ইকোনমি সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| অধ্যাপক ড. মোঃ রাশেদ-উন-নবী<br>ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | |
|---|---|
| প্রকৌশলী অধ্যাপক মোস্তফা আনোয়ার<br>সানমান ম্যাগনোলিয়া, এফ-৪ (৪র্থ তলা), ৮ জামাল খান রোড, আন্দরকিলা, চট্টগ্রাম-৪১০০ | সদস্য |
| অধ্যাপক ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর ইয়াহইয়া সৈয়দ, (সি) বিসিজিএমএস, এনডিসি, এএফডবিউসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি,পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স এন্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| প্রফেসর ড. এম রফিকুল ইসলাম<br>নৌ স্থাপত্য ও মেরিন প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ | সদস্য |
| কমডোর শেখ মাহমুদুল হাসান, (এইচ), এনপিপি, এওডবিউসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ মইনুল কবির<br>যুগ্ম-সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম হাসান তারিক মন্ডল, (জি), এনপিপি, পিএসসি,বিএন<br>পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা | সদস্য |
| জনাব আজম জে চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ ওশ্যান-গোয়িং শিপওনার্স অ্যাসোসিয়েশন | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| কমান্ডার এ টি এম রেজাউল হাসান, (সি), বিসিজিএম, পিসিজিএমএস, বিএন,<br>জোনাল কমান্ডার, ঢাকা জোন, কোস্ট গার্ড সদর দপ্তর, | সদস্য |
| জনাব মোমতাজ উদ্দিন ভূঁইয়া<br>এ ১-৫ কালিন্দি এ্যাপার্টমেন্টস | সদস্য |
| ক্যাপ্টেন এম এ ফসিউর রহমান, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |

জনাব আরিফুর রহমান খান, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে, MIMarEST — সদস্য
চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা

## একাডেমিক কাউন্সিল

**বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর বর্তমান সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নিম্নরূপ:**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| অধ্যাপক ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| অধ্যাপক ড. মোঃ রাশেদ-উন-নবী<br>ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ড. কাজী দেলোয়ার হোসেন<br>অধ্যাপক, তড়িৎ ও ইলেক্ট্রিক কৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স এন্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর শেখ মাহমুদুল হাসান, (এইচ), এনপিপি, এওডবিউসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, (অবঃ), বিএন<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| কমান্ডার এম মাহবুর রহমান, (ই), বিএন<br>গ্রন্থাগারিক, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার এম সাহেদুল ইসলাম, (এস), বিএন<br>বিভাগীয় প্রধান, ডিপার্টমেন্ট অব ম্যানেজমেন্ট,<br>ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্ট্যাডিজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ইঃ কমান্ডার এম নিজাম উদ্দিন, বিএন<br>প্রক্টর, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব খন্দকার রাসেল হাসান<br>সহকারী অধ্যাপক, পোর্ট এন্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মারুফা ইসহাক<br>প্রভাষক, ওশানোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |

## অর্থ কমিটি

**বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি-এর বর্তমান সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নিম্নরূপ:**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| ট্রেজারার<br>বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মোঃ খালেদ<br>সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>চাটার্ড মেরিন ইঞ্জিনিয়ার, কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী | সদস্য |
| লেঃ কর্নেল মোঃ ইলিয়াস হোসেন, পিএসসি, ইঞ্জিনিয়ার্স<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার এম ইসমাইল<br>পরিচালক (অর্থ ও হিসাব), বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| খন্দকার রাসেল হাসান<br>সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, বিএসএমআরএমইউ অ্যান্ড | সদস্য |
| ড. মোঃ মোস্তাফিজুর রহমান<br>সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি, বিএসএমআরএমইউ | সদস্য |

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি

**বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি-এর বর্তমান সম্মানিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নিম্নরূপ:**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| ট্রেজারার<br>বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন (সি), পিসিজিএম, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ কাউসার আহমেদ<br>ডিপার্টমেন্ট অব ওশানোগ্রাফি, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| লেঃ কর্নেল মোঃ ইলিয়াস হোসেন, পিএসসি, ইঞ্জিনিয়ার্স<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ খলিলুর রহমান<br>এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার (ডিজাইন)<br>এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| জনাব শাহাদাত হোসেন<br>উপ-প্রধান স্থপতি,<br>স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| কমান্ডার সালাহ্উদ্দিন আহমেদ, (এস), বিএন<br>অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন), বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর সংক্ষিপ্ত পরিচিতি

### ভূমিকা

মেরিটাইম সংশিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৬ ফেব্রুয়ারি ২০১১ তারিখে চট্টগ্রামস্থ বাংলাদেশ মেরিন একাডেমি ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এরই ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহান জাতীয় সংসদ কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) তারিখে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। ২৭ অক্টোবর ২০১৩ তারিখে আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ নৌবাহিনীর সহায়তায় ০২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে বিএনএস হাজী মহসীন এ অস্থায়ী অফিস স্থাপন করে, পরবর্তীতে ০১ মার্চ ২০১৪ তারিখে ঢাকাস্থ মিরপুর ডিওএইচএস-এ লিয়াজোঁ অফিস এবং তৎপরবর্তীকালে ০১ আগস্ট ২০১৫ তারিখে শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ১৪/০৬-১৪/২৩, পলবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ তে স্থাপন করা হয়। এ অস্থায়ী ক্যাম্পাসেই বিশ্ববিদ্যালয় সীমিত পরিসরে পাঁচটি স্নাতকোত্তর এবং দুইটি স্নাতক (সম্মান) প্রোগ্রাম পরিচলনা করছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস সরকারি সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম জেলার বন্দর থানার কালুরঘাট এলাকায় ৫ নং মোহরা ওয়ার্ডের চর রাঙামাটিয়া ও বাকুলিয়া মৌজায় ১০৬/৩৩ একর জমিতে ইউনিভার্সিটির অধীনে স্থায়ী ক্যাম্পাস স্থাপনের জন্য রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে।

## Mission, Vision and Goals Statements

### Mission

To provide quality education based on state of the art technological support responsive to the emerging challenges in home and abroad. Bangabandhu Sheikh Mujibur Rahman Maritime University, Bangladesh is dedicated to nurturing and developing world class professionals who would serve the mankind with strong sense of ethical values and competence and ready to face the competitive world of maritime business, service and employment.

### Vision

To promote and create a learning environment for higher maritime education with excellence through state-of-the-art facilities and gadgets, competent faculty and staff, expanded frontier of research based knowledge and international standards supportive of the new horizons in diverse fields by 2021.

### Goals

To achieve sustainable development and progress of the university through mutual cooperation with other related universities and institutions.

To continue to upgrade educational services and facilities responsive to the demands and requirements of the nation.

To bring all types of marine professionals on a common platform to share knowledge and perform research and development works for the advancement of maritime sector of the country.

To enhance research consciousness in the maritime sector in discovering new dimensions with the upcoming challenges.

To accelerate the participation of alumni students and professionals with educational programmes and development of projects designed to expand and improve academic standards.

To teach students on maritime science and technology and guide them towards research to enhance contribution to the maritime profession.

To conduct various maritime educational

programmes and research works for sustainable development of the maritime service and industrial sector of the country.

To educate students on different subjects of maritime management, law and security and strategy and conduct research on allied fields.

To create conducive environment for students to prepare themselves to serve the nation as future planners, policy makers and leaders in maritime sectors in coordination with national and international organizations including International Maritime Organization (IMO).

## অনুষদ ও বিভাগসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ - এর অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অনুষদ এবং অধীনস্ত বিভাগসমূহ নিম্নরুপ:

### ➢ মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

- মেরিটাইম ল অ্যান্ড পলিসি
- মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ
- মেরিটাইম সেফটি এ্যাডমিনিস্ট্রেশন

### ➢ শিপিং এ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

- নটিক্যাল সায়েন্স
- পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট
- ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিসটিকস্ ম্যানেজমেন্ট

### ➢ আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

- ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি
- মাইনিং
- মেরিন ফিশারিজ অ্যান্ড এ্যাক্যুয়াকালচার
- মেরিন বায়োলজি
- জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি
- এনভায়রনমেন্টাল স্টাডিজ

### ➢ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

- অফশোর ইঞ্জিনিয়ারিং
- নেভাল আর্কিটেকচার অ্যান্ড ওশান ইঞ্জিনিয়ারিং
- মেরিন ইঞ্জিনিয়ারিং
- হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং
- টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাকাট্রনিক্স

### ➢ জেনারেল স্টাডিস অনুষদ

- ইংরেজি
- গণিত
- পদার্থ বিজ্ঞান
- রসায়ন
- বায়োকেমিস্ট্রি
- সোশাল সায়েন্স অ্যান্ড এ্যানথ্রোপলজি
- ম্যাটেরিয়াল সায়েন্স
- ইন্টারন্যাশনাল রিলেশনস
- ইতিহাস
- ল্যান্ড এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট

### ➢ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন অনুষদ

- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি
- সফট্ওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
- ইনফরমেশন সিস্টেম সিক্যুরিটি

### ➢ বিজনেস স্টাডিস অনুষদ

- বিজনেস ম্যানেজমেন্ট
- একাউন্টিং
- ফিন্যান্স
- ইকোনোমিকস
- মার্কেটিং
- মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

### ইনস্টিটিউট

- ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ
- ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
- ইনস্টিটিউট অব রিনিউয়েবল এনার্জি অ্যান্ড মেরিন রিসোর্সেস
- ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

## আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

বাংলাদেশ ২০১২ সালে মিয়ানমার এবং ২০১৪ সালে ভারতের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে এক বিশাল জলরাশি অর্জন করে। ফলে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার আয়তনের সমুদ্রের সম্পদকে কাজে লাগিয়ে দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সমৃদ্ধি ও উৎকর্ষ আনয়নের লক্ষ্যে সুনীল অর্থনীতির গুরুত্ব নিশ্চিত করতে ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স জানুয়ারি ২০১৭ থেকে যাত্রা শুরু করে। বর্তমানে উক্ত অনুষদের অধীনে 'ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি' বিভাগ চলমান রয়েছে। এছাড়া অক্টোবর ২০১৮ হতে Genetic Engineering & Biotechnology বিভাগের অধীন Masters in Marine Biotechnology প্রোগ্রাম শুরু হবে। ভবিষ্যতে এই অনুষদের অধীনে অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ সমূহ খোলার পরিকল্পনা রয়েছেঃ

- Marine Fisheries & Aquaculture
- Mining
- Marine Biology
- Environment Studies



### আর্থ ও ওশান সায়েন্স অনুষদের শিক্ষক বৃন্দ

১. ড. মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী অধ্যাপক, ওশানো গ্রাফি এ্যান্ড হাইড্রোগ্রাফি

২. মারুফা ইসহাক, প্রভাষক, ওশানোগ্রাফি এ্যান্ড হাইড্রোগ্রাফি

### ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ

**একাডেমিক কার্যক্রম**

ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অধীনে বর্তমানে বিএসসি ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের দুটি ব্যাচ এর কার্যক্রম চলমান রয়েছে। ১ম ব্যাচের শিক্ষার্থীরা ৩য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা সম্পন্ন করে ৪র্থ সেমিস্টারে অধ্যয়নরত এবং ২য় ব্যাচের শিক্ষার্থীরা ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা সম্পন্ন করে ২য় সেমিস্টারে অধ্যয়নরত। উভয় ব্যাচের বিশেষায়িত ক্লাসসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-তে অনুষ্ঠিত হয়। উক্ত বিভাগের ২য় ব্যাচের শিক্ষা কার্যক্রম চালুর জন্য নভেম্বর ২০১৭ হতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং মেধাতালিকার ভিত্তিতে ২য় ব্যাচে ৪০ জন শিক্ষার্থী ভর্তি হয়। গত ৭ জানুয়ারি ২০১৮

তারিখে উক্ত ব্যাচের ছাত্র-ছাত্রীদের বরণ করার জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন, কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর।

### 'ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স' কর্তৃক আয়োজিত সেমিনারসমূহ

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের ওশানোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের সমুদ্রবিজ্ঞান গবেষণায় 'Material Science' এর গুরুত্ব ও ব্যবহার সম্পর্কে সম্যক ধারণা প্রদানের নিমিত্তে গত ২২ অক্টোবর ২০১৭ তারিখে 'Material Science for Quality of Life' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে অতিথি বক্তা ছিলেন Professor Dr. M. Muhibur Rahman (Former Member UGC)। অত্র বিশ্ববিদ্যালয়ের BSc in Oceanography প্রোগ্রামের ১ম ব্যাচের ২য় সেমিস্টারের শিক্ষার্থীদের বঙ্গোপসাগরের হাইড্রোগ্রাফির উপর ধারণা প্রদানের নিমিত্তে গত ৩০ অক্টোবর ২০১৭ 'Hydrography of Bay of Bengal' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ নৌবাহিনীর জ্যেষ্ঠ হাইড্রোগ্রাফার এবং বাংলাদেশ কোস্টগার্ড সদর দপ্তর কর্মরত কমডোর মীর ইমদাদুল হক, (এইচ), এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন।

শিক্ষার্থীদের 'Physical Oceanography' এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত প্রাথমিক ধারণা দেওয়ার নিমিত্তে গত ৩০ অক্টোবর ২০১৭ তারিখে অত্র বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে একটি সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে দুইটি ভিন্ন সেশনে 'Climate Change: Responses in Indian Ocean' Ges 'Future Prospect of Oceanography/Oceanographers

(Sub-Continent and beyond)' শিরোনামে সেমিনারে বক্তব্য প্রদানের জন্য ভারত থেকে Dr. S. Prasanna Kumar (Former Acting Director, Chief Scientist at AcSIR, National Institute of Oceanography, Goa) কে আমন্ত্রণ জানানো হয়। উক্ত সেমিনারে আগত বক্তা শিক্ষার্থীদের উদ্দেশ্যে 'Physical Oceanography' এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কে জ্ঞানগর্ভ বক্তব্য প্রদান করেন।



'বাঙ্গালির স্বাধীনতাপ্রিয়তা' শীর্ষক বক্তৃতা প্রদান করছেন ড. সৈয়দ আনোয়ার হোসেন

বাংলাদেশের স্বাধীনতাবোধ এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সমৃদ্ধ জাতি বিনির্মাণের নিমিত্তে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য গত ১৪ মে ২০১৮ তারিখে 'বাঙ্গালির স্বাধীনতাপ্রিয়তা' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে ড. সৈয়দ আনোয়ার হোসেন, বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস বক্তব্য প্রদান করেন এবং অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া সকল শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ সেমিনারটিকে সাফল্যমন্ডিত করে।

## হাইড্রোগ্রাফি ফিল্ড ট্রিপ ২০১৭

বিএসসি ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের অন্তর্ভূক্ত 'Hydrography' I 'Hydrography Lab' কোর্সের অধীনে উক্ত প্রোগ্রামের ১ম ব্যাচের ছাত্রছাত্রীদের জন্য গত ১২ ডিসেম্বর ২০১৭ থেকে ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত চট্টগ্রামস্থ বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন Hydrographic জাহাজ ও ঘাঁটিসমূহের সহায়তায় 'হাইড্রোগ্রাফি ফিল্ড ট্রিপ ২০১৭' আয়োজন করা হয়। উক্ত ফিল্ড ট্রিপে অত্র অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীসহ সর্বমোট ৩৮ জনের একটি প্রশিক্ষণ দল ৭ দিন ব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। উক্ত ফিল্ড ট্রিপে ছাত্রছাত্রীগণ হাইড্রোগ্রাফি সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর তত্ত্বীয় ও নৌবাহিনীর জাহাজ যোগে সমুদ্রে গমন করে ব্যবহারিক জ্ঞান অর্জন করে।টেকনোলজি অনুষদে ভবিষ্যতে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:

## জেনারেল স্টাডিজ অনুষদ

অত্র বিশ্ববিদ্যালয়ে জেনারেল স্টাডিজ অনুষদের একাডেমিক কার্যক্রম ইতোমধ্যে চালু হয়েছে এবং উক্ত অনুষদ আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদকে শিক্ষা কার্যক্রমে সহায়তা করছে। এই অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ০৫ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা অন্যান্য ফ্যাকাল্টির বিভিন্ন বিভাগে সংশিষ্ট কোর্সসমূহের ক্লাস নিচ্ছেন। এছাড়া উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:



ফিল্ড ওয়ার্কের পূর্বে শিক্ষার্থীদের উদ্দেশ্যে ডিন মহোদয় -এর বিফ্রিং



শিক্ষার্থীরা লেভেলিং মেশিনের সাহায্যে উচ্চতা পরিমাপ করছে



শিক্ষার্থীরা সাইড স্ক্যান সোনার পরিচালনার উপর প্রশিক্ষণ গ্রহণ করছে



শিক্ষার্থীরা Geodetic GPS Receiver সম্পর্কে প্রশিক্ষণ নিচ্ছে



হাইড্রোগ্রাফিক সার্ভের উপর প্রশিক্ষণের উদ্দেশ্যে সমুদ্রে যাত্রাকালে বানৌজা শৈবাল এ ডিন মহোদয়-এর সাথে শিক্ষার্থীবৃন্দ

## ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

সমুদ্রজয়ের অভাবনীয় সাফল্যের পর সমুদ্রসম্পদ আহরণের প্রয়োজনীয়তা অনুধাবন করে এ সুযোগকে কাজে লাগানোর নিমিত্তে শিক্ষার্থীদের উন্নত প্রযুক্তির সঙ্গে পরিচয় ঘটিয়ে দেশ ও জাতির কল্যাণে দক্ষ প্রকৌশলী ও গবেষক গড়ে তোলার লক্ষ্যে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ২০১৮ থেকে যাত্রা শুরু করে। উক্ত অনুষদের অধীনে "বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং" প্রোগ্রামের ১ম ব্যাচের ৩০ জন শিক্ষার্থী ভর্তি হয় এবং গত ০৭ জানুয়ারি ২০১৮ তারিখে তাদের নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর সভাপতিত্ব করেন। উল্লেখ্য, এই বিভাগের শিক্ষার্থীগণ ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা সম্পন্ন করে ২য় সেমিস্টারে অধ্যয়নরত।

### বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম এর শিক্ষার্থীদের শিক্ষাসফর ও সেমিনার

বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের শিক্ষার্থীরা বাংলাদেশের কৃষ্টি, সংস্কৃতি ও ইতিহাস বিষয়ে সম্যক ধারণা অর্জনের জন্য ১ম সেমিস্টারের "বাংলাদেশ স্টাডিজ" কোর্সের অংশ হিসেবে গত ২৭ মার্চ ২০১৮ ও ০৩ এপ্রিল ২০১৮ যথাক্রমে পানাম নগর ও সোনারগাঁও লোকশিল্প যাদুঘর এবং বাংলাদেশ জাতীয় যাদুঘর পরিদর্শন করে। বাংলাদেশ জাতীয় যাদুঘর পরিদর্শনকালে শিক্ষার্থীদের সাথে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় উপস্থিত ছিলেন।



সোনারগাঁও লোকশিল্প যাদুঘর পরিদর্শন



বাংলাদেশ জাতীয় যাদুঘর পরিদর্শন

## “বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের কারিকুলাম ডেভেলপমেন্ট” শীর্ষক কর্মশালা



কর্মশালায় উর্ধ্বতন কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ

গত ২৯ অক্টোবর ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে "বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের কারিকুলাম ডেভেলপমেন্ট" শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি উক্ত কর্মশালার আয়োজন করে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন উপস্থিত ছিলেন। উক্ত সভার সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি- এর ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর।

কর্মশালায় বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থা এবং বিশ্ববিদ্যালয় হতে প্রতিনিধিবৃন্দ, মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডার এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ স্নাতক পর্যায়ে চালু হতে যাওয়া বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের কারিকুলাম ডেভেলপমেন্টের জন্য এ কর্মশালার আয়োজন করা হয়। দেশকে উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে রূপান্তরের লক্ষ্যে দেশের অর্জিত সমুদ্র সীমায় সামুদ্রিক সম্পদ অনুসন্ধান, আহরণ, উপযুক্ত পরিকল্পনা গ্রহণ ও উদ্ভাবন এবং তা প্রণয়নসহ সার্বিক প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি “ব্লু ইকোনমি” উন্নয়নে বাংলাদেশের সম্ভাবনার উপর প্রধান অতিথি তার বক্তব্যে আলোকপাত করেন।

## নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং এর ১ম ব্যাচ ও ওশানোগ্রাফি এর ২য় ব্যাচের স্নাতক পর্যায়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম



ওরিয়েন্টেশন প্রোগ্রামে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

০৭ জানুয়ারি ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং এর ১ম ব্যাচ ও ওশানোগ্রাফি এর ২য় ব্যাচের স্নাতক পর্যায়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি- এর ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## জেনারেল স্টাডিজ অনুষদ

বিশ্ববিদ্যালয়ের জেনারেল স্টাডিজ অনুষদের একাডেমিক কার্যক্রম ইতোমধ্যে চালু করা হয়েছে। উক্ত অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ০৭ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা বর্তমানে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স ও অন্যান্য অনুষদকে সংশিষ্ট বিষয়ের কোর্স সমূহ পরিচালনায় সহায়তা করছে। ভবিষ্যতে এই অনুষদে পর্যায়ক্রমে অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:

- English
- Mathematics
- Physics
- Chemistry
- Biochemistry
- Social Science & Anthropology
- Material Science
- International Relations
- History
- Land Administration and Water Management

### জেনারাল স্টাডিজ অনুষদের শিক্ষক-শিক্ষিকাবৃন্দঃ

১। ড. মোহাম্মদ তানজিল হাসান, সহকারী অধ্যাপক, গণিত
২। ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান
৩। রাজু আহম্মেদ, প্রভাষক, ইংরেজি
৪। ফারহানা আক্তার, প্রভাষক, রসায়ন
৫। নুসরাত জাহান, প্রভাষক, পদার্থ বিজ্ঞান
৬। পারভীন আক্তার, প্রভাষক, গণিত
৭। স্বর্ণা দত্ত, প্রভাষক, বাংলা

## ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন ও ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর একাডেমিক কার্যক্রম

### “Private Sector Participation in Port Operation” শীর্ষক সেমিনারের আয়োজন



সেমিনারে উপস্থিত কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর উদ্যোগে গত ০৯ জুলাই ২০১৭ তারিখ “Private Sector Participation in Port Operation” বিষয়ক একটি সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন প্রধান অতিথির আসন অলংকৃত করেন।

কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, ফ্যাকাল্টি অব শিপিং এ্যাডমিনিস্ট্রেশন উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন। এছাড়াও তরফদার মোঃ রুহুল আমিন, ব্যবস্থাপনা পরিচালক, সাইফ পাওয়ার টেক এবং মোঃ জাফর আলম, সদস্য (প্রশাসন ও পরিকল্পনা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ তাদের প্রবন্ধ উপস্থাপন করেন। এতে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষকগণ, কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উক্ত সেমিনারে শিক্ষক এবং শিক্ষার্থীরা পোর্ট অপারেশন সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি, সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন।

### “The Legal Regime at Sea and Governance of Maritime Resources for Sustainable Blue Economy” বিষয়ক সেমিনার



সেমিনারে অংশগ্রহণকারী প্রধান অতিথি, প্রবন্ধ উপস্থাপনকারী, অতিথি ও আয়োজকবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, ব্লু ইকোনমি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় -এর যৌথ উদ্যোগে গত ২২ জুলাই ২০১৭ তারিখে “The Legal Regime at Sea and Governance of Maritime Resources for Sustainable Blue Economy” শীর্ষক সেমিনার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত হয়। উক্ত সেমিনারে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এমপি প্রধান অতিথির আসন অলংকৃত করেন। সেমিনারে সভাপতি হিসেবে তদানীন্তন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন এবং Admiral R. K. Dhowan, PVSM, AVSM, YSM (Retd.), চেয়ারম্যান, ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশন, ইন্ডিয়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উক্ত সেমিনারে অধ্যাপক ড. মিজানুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় ও ড. আব্দুলাহেল বারী, চেয়ারম্যান, আনন্দ শীপইয়ার্ড অ্যান্ড সীপওয়েজ লিমিটেড মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এছাড়া কমডোর আব্দুলাহ আল মামুন চৌধুরী, ব্লু ইকোনমি সেল, Xin TENG Ph.D. Associate Professor, National Ocean Technology Center (NOTC), China ও ড. লাইলুফার ইয়াছমিন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় সেমিনারে তাদের স্ব-স্ব প্রবন্ধসমূহ উপস্থাপন করেন।

সেমিনারে মাননীয় শিক্ষা মন্ত্রী বলেন যে, সমুদ্র সম্পদের সর্বোচ্চ ব্যবহার টেকসই উন্নয়নের (SDG) লক্ষ্য অর্জন এবং সুনীল অর্থনীতিকে আরো বেগবান করতে ভূমিকা পালন করবে। তিনি আরো বলেন, সংশ্লিষ্ট মানব সম্পদ উন্নয়ন ও জ্ঞান প্রসারের

লক্ষ্যে সরকার দেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। দেশের অর্থনীতিতে ব্লু ইকোনমির অবদানে সমুদ্র সম্পদ আহরণ ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধি এবং একটি সমন্বিত পরিকল্পনা গ্রহনের সুপারিশ অনুসন্ধানই ছিল সেমিনারের মূল লক্ষ্য।

## আইসিবিএম-২০১৭ (ICBM-২০১৭) তে ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন এর শিক্ষক শিক্ষার্থীদের অংশগ্রহণ




ICBM-২০১৭- এ অংশগ্রহণকারী ডিন ও শিক্ষার্থীবৃন্দ

গত ২১-২২ সেপ্টেম্বর ২০১৭ ঢাকার হোটেল ওয়েস্টিন-এ ব্র্যাক বিজনেস স্কুল (বিবিএস), ব্র্যাক বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে আয়োজিত 1st International Conference on Business and Management (ICBM-২০১৭) এ অত্র বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর শিক্ষক ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন এবং তাদের নির্ধারিত গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, এফএসএ উক্ত কনফারেন্সের উদ্বোধনী দিনের একটি সেশন পরিচালনা করেন।

## ওরিয়েন্টেশন প্রোগ্রাম (মাস্টার্স)







ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপস্থিত শিক্ষার্থী, শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ

গত ০৩ অক্টোবর ২০১৭ মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, এলএলএম মেরিটাইম ল-এর ৩য় ব্যাচ এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস এর ১ম ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়। উক্ত প্রোগ্রামে প্রাক্তন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, এফএমজিপি উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন। অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষকগণ, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বিধিমালা, লাইব্রেরি নীতিমালা, নিরাপত্তা, পরীক্ষা বিধিমালা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়।

## “Freight Forwarding” শীর্ষক শর্টকোর্সের আয়োজন



গত ১৭-২০ নভেম্বর ২০১৭ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমএমআরএমইউ) এর অস্থায়ী ক্যাম্পাসে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর উদ্যোগে "ফ্রেইট ফরওয়ার্ডিং" শীর্ষক সার্টিফিকেট কোর্স এর আয়োজন করা হয়। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি প্রধান অতিথি হিসেবে উক্ত সার্টিফিকেট কোর্স -এর উদ্বোধন করেন। সার্টিফিকেট কোর্সে ৩৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন এবং সুষ্ঠুভাবে কোর্স সম্পন্ন করেন। কোর্সের সমাপনান্তে সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি তদানীন্তন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। উক্ত অনুষ্ঠানে সংশিষ্ট রিসোর্স পার্সন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণসহ বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## শিক্ষা সফর



শিক্ষা সফরে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও এলএলএম মেরিটাইম ল্ (৩য় ব্যাচ) এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস (১ম ব্যাচ) - প্রোগ্রামসমূহের ৩৬ জন শিক্ষার্থীসহ, শিক্ষক এবং সংশিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গত ২১-২৩ নভেম্বর ২০১৭ তারিখে শিক্ষা সফরের আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফরে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন এবং ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর নেতৃত্ব প্রদান করেন। উক্ত শিক্ষা সফরে সফরকারী দল ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড, নারায়ণগঞ্জ, নৌ পরিবহণ অধিদপ্তর; বাংলাদেশ অভ্যন্ড়রীণ নৌ পরিবহণ কর্তৃপক্ষ এবং পানগাঁও অভ্যন্ড়রীণ কনটেইনার টার্মিনাল পরিদর্শন করেন। এই শিক্ষা সফর শিক্ষার্থীদের মাঝে দেশের সামগ্রিক অর্থনীতিতে মেরিটাইম সংশিষ্ট প্রতিষ্ঠানসমূহের সার্বিক অবদান সম্পর্কে জ্ঞান লাভ করে।

## বিতর্ক প্রতিযোগিতা আয়োজন



বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিতার্কিক দল, উপস্থিত শিক্ষক ও কর্মকর্তাদের একাংশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উপলক্ষে ১১-১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি কর্তৃক এক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের এলএলএম মেরিটাইম ল', পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উক্ত প্রতিযোগিতার চূড়ান্ড় পর্বে এলএলএম মেরিটাইম ল এর ৩য় ব্যাচ বিজয়ী দল হিসেবে মনোনীত হয় এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস এর ১ম ব্যাচের বিতার্কিক দল রানার্স আপ হয়। তৎকালীন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এছাড়াও ডিন, ট্রেজারার, রেজিস্ট্রারসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## মুট কোর্ট-২০১৮



মাননীয় বিচারপতির উপস্থিতিতে শিক্ষার্থীরা মুটকোর্ট অনুশীলন করছেন

বিশ্ববিদ্যালয়ের চলমান এলএলএম মেরিটাইম ল’ এর পাঠ্যক্রমের অংশ হিসেবে গত ২০ জানুয়ারি ২০১৮ তারিখে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর উদ্যোগে “মুট কোর্টচ অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীদের মাঝে কোর্টে বিচারকার্য পরিচালনা সম্পর্কিত ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এই মুট কোর্টের আয়োজন করা হয়। বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডমিরাল্টি বেঞ্চের মাননীয় বিচারপতি এএফএম আব্দুর রহমান মুট কোর্ট পরিচালনা করেন। বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন, কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, সংশিষ্ট রিসোর্স পার্সনবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তাগণ উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন।আমন্ত্রিত অতিথিদের মধ্যে ডঃ মোঃ রহমত উলাহ, ডিন, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, লেঃ কর্নেল এম খালেদ বিন ইউসুফ, চেয়ারম্যান, আইন বিভাগ, বিইউপি এবং অন্যান্যরাও উপস্থিত ছিলেন। অংশগ্রহণকারীগণ আশাবাদ ব্যক্ত করেন যে, শিক্ষার্থীদের ভবিষ্যত পেশাগত দক্ষতা উন্নয়নে এই মুট কোর্ট আয়োজন উলেখযোগ্য ভূমিকা পালন করবে।

## “Ship Broking and Chartering Practices, The General Market Update and Possible Trends” শীর্ষক কর্মশালা



Nelly Akhmedzhanova কে উপাচার্য কর্তৃক শুভেচ্ছা উপহার প্রদান

ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন কর্তৃক গত ০৪ ও ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে “Ship Broking and Chartering Practices, The General Market Update and Possible Trends” শীর্ষক কর্মশালার আয়োজন করে। কমডোর এম জিয়াউদ্দিন অলমগীর, ডিন, এফএসএ উক্ত কর্মশালায় প্রধান অতিথি আসন অলংকৃত করেন Nelly Akhmedzhanova, Director, Consultant, Progress, Hongkong SAR উক্ত কর্মশালা পরিচালনা করেন। কর্মশালায় মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও এলএলএম মেরিটাইম ল্ব প্রোগ্রামের ২য় ও ৩য় ব্যাচের সকল শিক্ষার্থী, সংশিষ্ট শিক্ষক ও অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## সাউথ এশিয়ান ইউনিভার্সিটি ফেস্টিভালে শিক্ষার্থীদের অংশগ্রহণ




SAUFEST এ অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ

ভারতের গুজরাটের গানপাত ইউনিভার্সিটিতে গত ০২ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত ১১তম সাউথ এশিয়ান ইউনিভার্সিটি ফেস্টিভ্যালে দক্ষিণ এশিয়ার দেশগুলোর সামাজিক, সাংস্কৃতিক বিষয়গুলো তুলে ধরার নিমিত্তে আয়োজিত বিভিন্ন ইভেন্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের ৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট -২য় ব্যাচ এর সাজ্জাদ জামান অনিক গান, এলএলএম মেরিটাইল ল্ব২য় ব্যাচ এর সাবরিনা হাসান নৃত্য ও ইলোকিউশন, এলএলএম মেরিটাইম ল ২য় ব্যাচের সুস্মিতা চক্রবর্তী পোস্টার মেকিং এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস ১ম ব্যাচ এর তুলিপ সেন গুপ্ত গানের ইভেন্টে অংশগ্রহণ করেন এবং সনদপত্র গ্রহণ করে।

## বহিঃ বাংলাদেশ শিক্ষা সফর (ভারত)

বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে গত ১৯-২২ মার্চ ২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি ও ফ্যাকাল্টি অব শিপিং

অ্যাডমিনিস্ট্রেশন কর্তৃক আয়োজিত বহিঃ বাংলাদেশ শিক্ষা সফরে মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও এলএলএম মেরিটাইম ল (২য় ব্যাচ) প্রোগ্রামসমূহের শিক্ষার্থীসহ শিক্ষক ও কর্মকর্তার ৩৫ সদস্যের একটি দল ভারতের চেন্নাই গমন করেন। উক্ত শিক্ষা সফরে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এবং ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ Chennai Port & IIT Madras এবং Indian Maritime University (IMU), কোলকাতা ক্যাম্পাস পরিদর্শন করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করে। পাশাপাশি সফরকারী দল বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন করেন। Indian Maritime University (IMU), Chennai Port & IIT Madras এবং ঐতিহাসিক স্থান-সমূহ পরিদর্শন শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং প্রতিষ্ঠানের অগ্রগতিতেও সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।



শিক্ষা সফর -এ অংশগ্রহণকারী অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

### চট্টগ্রামে শিক্ষা সফর

পাঠ্যক্রমের অংশ হিসেবে ১৩-১৫ মে ২০১৮ তারিখ কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর নেতৃত্বে মাষ্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, এলএলএম মেরিটাইম ল' এর (৩য় ব্যাচ) এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস (১ম ব্যাচ) প্রোগ্রাম- শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাসহ ৪২ সদস্যের একটি দল শিক্ষা সফরে চট্টগ্রাম গমন করেন। উক্ত শিক্ষা সফরে সংশিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীগণ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পোর্ট অথরিটি, বাংলাদেশ নৌ বাহিনী জাহাজ, চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, কর্ণফুলী শীপ বিল্ডার্স লিমিটেড পরিদর্শন করেন এবং সংশিষ্ট কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করেন। এছাড়াও শিক্ষার্থীগণ সমুদ্র পরিভ্রমণসহ মেরিন ফিসারিজ একাডেমির সাথে প্রীতি ফুটবল ম্যাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



মেরিন ফিসারিজ একাডেমি ও বিএসএমআরএমইউ -এর প্রীতি ফুটবল ম্যাচ

### "Thesis Writing Technique" শীর্ষক কর্মশালা



কর্মশালায় অংশগ্রহণকারী ভিসি মহোদয়, রিসোর্স পার্সন, শিক্ষকগণ ও শিক্ষার্থীবৃন্দ

শিক্ষা ও গবেষণা কার্যক্রমের অংশ হিসেবে গত ৩১ মে ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ে "Thesis Report Writing" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল প্রধান অতিথির আসন অলংকৃত করেন। ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স এন্ড পলিসি এবং ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন -এর ডিন, কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, অধ্যাপক ড. আবু হেলাল মোহাম্মদ আব্দুল বাকী, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ড. মামুন হাবিব, সহযোগী অধ্যাপক, ব্র্যাক বিজনেস স্কুল, ব্র্যাক বিশ্ববিদ্যালয় উক্ত কর্মশালার ৩টি সেশন পরিচালনা করেন। মাস্টার্স ইন পোর্ট এন্ড শিপিং ম্যানেজমেন্ট এবং এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামদ্বয়ের ৩য় ব্যাচ এবং মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস এর ১ম ব্যাচের সকল শিক্ষার্থী উক্ত কর্মশালায় অংশগ্রহণ করে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংশিষ্ট শিক্ষক ও

কর্মকর্তাগণ কর্মশালায় উপস্থিত ছিলেন। এ কর্মশালায় গবেষণা প্রতিবেদন উপস্থাপন ও তৈরী করার বিষয়ে বিস্ড়ারিত বর্ণনাসহ তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়। এতে অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ তাদের ভবিষ্যৎ শিক্ষা কার্যক্রম ও গবেষণা রিপোর্ট লেখার বিষয়ে উপকৃত হবেন বলে আশা করা হয়।

### শিক্ষক পরিসংখ্যান

১। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, এনজিপি এফডিসি, পিএসসি, বিএন, ডিন, এফএমজিপি, এফএসএ, এফএমবিএস
২। কমান্ডার এম সাহেদুল ইসলাম, (এস), বিএন, চেয়ারম্যান, ম্যানেজমেন্ট বিভাগ
৩। ইঃ লেঃ কমান্ডার এম আতাউস সামাদ, বিএন, সহকারী অধ্যাপক, মেরিটাইম 'ল' অ্যান্ড পলিসি বিভাগ
৪। জনাব খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ
৫। জনাব মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ
৬। জনাব মানছুরা আক্তার প্রভাষক, মেরিটাইম 'ল' অ্যান্ড পলিসি বিভাগ
৭। জনাব ওয়াহিদুল শেখ, প্রভাষক, ম্যানেজমেন্ট বিভাগ
৮। জনাব আয়েশা সিদ্দিকা, প্রভাষক, মেরিটাইম 'ল' অ্যান্ড পলিসি বিভাগ
৯। জনাব দেওয়ান মাজহারুল ইসলাম, প্রভাষক, নটিক্যাল সায়েন্স বিভাগ

### কর্মকর্তা পরিসংখ্যান

১। জনাব মাহমুদা মালেক, সেকশন অফিসার, এফএমজিপি ও এফএসএ (অতিঃ দায়িত্ব)

## উপাচার্য সচিবালয়ের কার্যক্রম

### মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মহোদয়ের সাথে ভাইস্-চ্যান্সেলর-এর সাক্ষাৎ

মহামান্য রাষ্ট্রপতি ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর মাননীয় চ্যান্সেলর মোঃ আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে গত ২২ এপ্রিল ২০১৮, রবিবার বিকেলে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। ভাইস চ্যান্সেলর লয়্যপঁ মহামান্য রাষ্ট্রপতিকে বিএসএমআরএমইউ পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা এবং স্মারক ক্রেস্ট উপহার প্রদান করেন। এছাড়া তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার বিভিন্ন উন্নয়ন-অগ্রগতি এবং বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার ব্যাপারে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি, মোঃ আবদুল হামিদ এ সময় বিএসএমআরএমইউ-এর শিক্ষা কার্যক্রম আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে ও স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার ব্যাপারে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন।



মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মহোদয়ের সাথে নবনিযুক্ত ভাইস্-চ্যান্সেলর-এর সৌজন্য সাক্ষাৎ

### বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্যের বিদায় ও বর্তমান উপাচার্যের দায়িত্বভার গ্রহণ



দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে প্রাক্তন ও বর্তমান উপাচার্য মহোদয় ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের ১ম উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের ০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে উপাচার্য হিসেবে নিয়োগের মেয়াদ উত্তীর্ণ হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ২য় উপাচার্য হিসেবে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়কে নিয়োগ প্রদান করেন। তিনি গত ০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং একই দিনে দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত হয়।

## বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের সমন্বয় সভা



বর্তমান উপাচার্য মহোদয়ের সাথে কো-অর্ডিনেশন মিটিং

বিগত বছরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ০৪টি সাধারণ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ১৮ অক্টোবর ২০১৭ তারিখে ৩৯তম, ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে ৪০ তম, ১৮ মার্চ ২০১৮ এ ৪১ তম এবং ০৪ জুন ৪২ তম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৩৯ ও ৪০ তম সভায় সভাপতিত্ব করেন তৎকালীন উপাচার্য রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন এবং ৪১ ও ৪২ তম সভায় সভাপতিত্ব করেন বর্তমান উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। সভাসমূহে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা কার্যক্রম, অস্থায়ী ক্যাম্পাসে আরো নতুন কয়েকটি প্রোগ্রাম চালুকরণ, অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ, জনবল নিয়োগ, হল প্রতিষ্ঠা, লাইব্রেরিসহ দাপ্তরিক কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়ন, বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নসহ বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর প্রধানদের ব্রিফিং



উপাচার্য মহোদয়ের নিকট বিভিন্ন দপ্তর প্রধানদের ব্রিফিং

গত ১১-১৫ ফেব্রুয়ারি ২০১৮ নবনিযুক্ত উপাচার্য মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের নিকট বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ডিন (এফএমজিপি), ডিন (এফইওএস), রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন প্রভৃতির প্রধানগণ তাদের দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তাদের এ ব্রিফিং থেকে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের এ যাবৎ কালের কার্যক্রম সম্পর্কে সম্মক ধারণা লাভ করেন এবং ভবিষ্যৎ কার্যক্রম  সম্পর্কে মূল্যবান দিক নির্দেশনা প্রদান করেন।

## নোবিপ্রবি এর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর

গত ০৮ মে ২০১৮ তারিখে একাডেমিক কার্যক্রম বিস্তার ও গবেষণা খাতের মানোন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ) ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়(নোবিপ্রবি)-এর মাঝে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বিএসএমআরএমইউ- এর মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও নোবিপ্রবি-এর উপাচার্য প্রফেসর ড. এম অহিদুজ্জামান উক্ত স্মারকে স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে বিএসএমআরএমইউ-এর রেজিস্ট্রার এ জেড এম জালাল উদ্দিন, এফইওএস অনুষদের ডিন শেখ মাহমুদুল হাসান, নোবিপ্রবি-এর উপ-উপাচার্য, রেজিস্ট্রার প্রফেসর মোঃ মমিনুল হক ছাড়াও  অন্যান্য শিক্ষক ও  কর্মকর্তা উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান একাডেমিক তথ্য বিনিময়, ফ্যাকাল্টি সাপোর্ট ও সম্মিলিত গবেষণা ও প্রকাশনায় একসাথে কাজ করতে সমর্থ হবেন। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে বিশ্ববিদ্যালয়সমূহ তাদের ভবিষ্যত সহযোগিতার খাতকে আরও প্রসারিত করবেন বলে উভয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ তাদের আকাঙ্ক্ষা ব্যক্ত করেন।



সমঝোতা স্মারক অনুষ্ঠানে ভিসি মহোদয়বৃন্দ ও কর্মকর্তাবৃন্দ

### বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে উপাচার্যের মতবিনিময় সভা

নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর মহোদয় বিভিন্ন অনুষদের স্নাতক (সম্মান) প্রোগ্রামের শিক্ষার্থীদের সঙ্গে ১৭ এপ্রিল ২০১৮ তারিখে এবং স্নাতকোত্তর প্রোগ্রামের শিক্ষার্থীদের সঙ্গে ১৮ এপ্রিল ২০১৮ তারিখে পৃথকভাবে মতবিনিময় সভায় মিলিত হন। এ সময় শিক্ষার্থীবৃন্দ তাদের বিভিন্ন সুবিধা অসুবিধা মাননীয় উপাচার্য মহোদয়ের নিকট তুলে ধরেন। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের কথা মনোযোগ দিয়ে শোনেন এবং তাদের জন্য নানাবিধ সুযোগ সুবিধা বৃদ্ধির ব্যাপারে অবহিত করেন।

### উপাচার্য দপ্তরের কর্মকর্তা

উপাচার্য মহোদয়ের দপ্তরে নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিয়োজিত রয়েছেন:

১। রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, ভাইস-চ্যান্সেলর।

২। লেঃ কমান্ডার এম নেওয়াজ ইসলাম, (এস), বিএনভিআর, পিএস কর্ড টু ভিসি।

৩। জনাব মোঃ মাইনুর রহমান, প্রটোকল অফিসার

## রেজিস্ট্রার দপ্তরের সম্পাদিত উলেখযোগ্য কার্যক্রম

### রেজিস্ট্রার অফিস (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন)

এ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস-এর এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন-এ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, এডমিশন, একাডেমিক ও স্কলারশিপ এর কার্য সম্পাদন করা হয়।

### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া

অত্র বিশ্ববিদ্যালয়ের এবং অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রঃ নং | প্রোগ্রামের নাম | শিক্ষাবর্ষ | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বিএসসি ইন ওশানোগ্রাফি ২য় ব্যাচ | ২০১৭-২০১৮ | ৪০ জন |
| ২ | বিএসসি ইন নেভাল আর্কিটেকচারঅ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং- ১ম ব্যাচ | ২০১৭-২০১৮ | ৩০ জন |
| ৩ | মাস্টার্স ইন পোর্টঅ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৩য় ব্যাচ | ২০১৭-২০১৮ | ১০ জন |
| ৪ | এলএলএম মেরিটাইম 'ল'-৩য় ব্যাচ | ২০১৭-২০১৮ | ১৮ জন |
| ৫ | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস-১ম ব্যাচ | ২০১৭-২০১৮ | ৯ জন |
| ৬ | বিএমএস নটিক্যাল- ৫৩তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০১৭-২০১৮ | ২৬ জন |
| ৭ | বিএমএস ইঞ্জিনিয়ারিং- ৫৩তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান- বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০১৭-২০১৮ | ২৬ জন |

### ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রাপ্ত শিক্ষার্থীদের সংখ্যা:

অত্র বিশ্ববিদ্যালয়ে প্রথম বারের মতো শিক্ষার্থীদের স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রদান করা হয়। নিম্নে স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য দেওয়া হলোঃ

| ক্রঃনং | স্কলারশিপ/স্টাইপেন্ড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| ১. | মেধাবৃত্তি (স্কলারশিপ) | ৬ জন |
| ২. | বিএসএমআরএমইউ বৃত্তি (স্টাইপেন্ড) | ৯ জন |

### ২০১৭-২০১৮ বর্ষে ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত প্রোগ্রামসমূহের সংখ্যা:

অত্র বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ বর্ষে নতুন ৩টি মাস্টার্স প্রোগ্রাম ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত হয়। বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রঃনং | প্রোগ্রাম | অনুমোদনের তারিখ |
|---|---|---|
| ১ | Masters in Maritime Science | ১৩ সেপ্টেম্বর ২০১৭ |
| ১ | Masters in Genetic Engineering and Biotechnology | ১৩ সেপ্টেম্বর ২০১৭ |
| ১ | Masters in Maritime Business | ২০ সেপ্টেম্বর ২০১৭ |

## রেজিস্ট্রার দপ্তর কর্তৃক প্রতিবেদিত বছরে আয়োজিত অনুষ্ঠান ও কর্মকান্ড

### জাতীয় শোক দিবস পালন

গত ১৫ আগস্ট ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে দোয়া মাহ্‌ফিল, বঙ্গবন্ধুর জীবনীর উপর আলোচনা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মসূচির প্রথমেই বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে জাতির জনকের বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর প্রামান্য চিত্র প্রদর্শনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় বঙ্গবন্ধুর জীবনের উপর আয়োজিত রচনা প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর আদর্শে উদ্দীপ্ত হয়ে অত্র বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমকে গতিশীল ও বেগবান করে দক্ষ জনবল তৈরীর মাধ্যমে সুনীল অর্থনীতির পথে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার পথে শরীক হবার আহবান জানান।




তৎকালীন ভিসি মহোদয় জাতীয় শোক দিবসে বক্তব্য প্রদান করছেন

### বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ

গত ২৬ আগস্ট ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে টাঙ্গাইলের কালিহাতি থানার বলা ইউনিয়নের বন্যা কবলিত রামপুর গ্রামের পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। বন্যা পরিস্থিতির অন্যতম ভুক্তভোগী এ অঞ্চলের মানুষ। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীবৃন্দ উপস্থিত থেকে উক্ত ত্রাণ বিতরণ কর্মসূচির মাধ্যমে প্রায় ২০০ (দুইশত) বন্যার্ত পরিবারের মাঝে খাদ্যদ্রব্য ও পোশাক বিতরণ করেন। উলেখ্য যে, ইতিপূর্বে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন- এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নগদ অর্থ ও পোশাক প্রদান এবং সাধারণ শিক্ষার্থীরা অর্থ সংগ্রহের মাধ্যমে বন্যার্তদের সহায়তার জন্য একটি তহবিল তৈরি করে। দেশের আপামর জনসাধারণকে এমন সংকটকালীন মুহূর্তে বন্যার্তদের পাশে থাকার জন্য বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর আহবান জানান।



বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল ত্রান বিতরণ করছেন

### পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) পালন



রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থী পুরস্কার গ্রহণ করছে

গত ০২ ডিসেম্বর ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) পালন করা হয়। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে দোয়া মোনাজাত, মহানবী (সাঃ)

এর জীবনাদর্শ- এর উপর আলোচনা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত আয়োজনে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে মহানবী (সাঃ)- এর জীবনাদর্শের উপর আলোকপাত করে সকলকে মহানবীর প্রদর্শিত পথ অনুসরণের কথা উলেখ করেন। পাশাপাশি তিনি সকলকে দেশের সমৃদ্ধি ও উন্নয়নের পথে শরীক হবার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহানবী (সাঃ)- এর জীবনের উপর আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিভিন্ন গ্রুপে ১ম স্থান অধিকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। সবশেষে মহানবী (সাঃ)- এর রুহের মাগফিরাত কামনা এবং দেশ, জাতি ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

## মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন




বির্তক প্রতিযোগিতায় বিজয়ী দল পুরস্কার গ্রহণ করছে

গত ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০১৭ উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ট্রেজারার কমডোর এম খুরশীদ মালিক। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। দিনের কর্মসূচি আরম্ভ হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। দিবসটি উপলক্ষ্যে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। পরবর্তীতে মহান বিজয় দিবস ও এর তাৎপর্যের উপর আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি-এর আয়োজনে গত ১০ ডিসেম্বর হতে চলমান "বিজয় দিবস বিতর্ক প্রতিযোগিতা"-এর বিজয়ীদের মাঝে প্রধান অতিথি পুরস্কার বিতরণ করেন। প্রধান অতিথি তার বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার অন্যতম স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও দেশের জন্য জীবন উৎসর্গকারী বীর সেনানী মুক্তিযোদ্ধাদের অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি তার বক্তব্যে জাতীয় জীবনের সর্বস্তরে মুক্তিযুদ্ধের চেতনার প্রতিফলন ও স্বপ্নের সোনার বাংলা গঠনে সকলকে দেশপ্রেমে উৎসাহিত হয়ে কাজ করার ব্যাপারে গুরুত্বারোপ করেন।

## শীতবস্ত্র বিতরণ




উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ শীতবস্ত্র বিতরন করছেন

গত ১৬ জানুয়ারি ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের আয়োজনে অস্থায়ী ক্যাম্পাসে সুবিধাবঞ্চিত, অসহায় ও গৃহহীন দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ফ্যাকাল্টিসমূহের ডিন, শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মাননীয় ভিসি মহোদয় দেশের দারিদ্র্য সীমার হার শূন্যের কোঠায় নামিয়ে আনা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যত সম্ভাবনা ও অবদান রাখার আশাবাদ ব্যক্ত করেন। কর্মসূচীর মাধ্যমে প্রায় ১২০ জন সুবিধা বঞ্চিত, অসহায় ও গৃহহীন দরিদ্রদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করা হয়।

## বার্ষিক বনভোজন-২০১৮ অনুষ্ঠিত



বনভোজনে শিক্ষার্থীদের সঙ্গে আমন্ত্রিত অতিথিবৃন্দ

গত ১৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে রাজধানীর অদূরে সাভারে অবস্থিত "মিলিটারি ফার্ম"-এ মনোরম পরিবেশে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বনভোজন-২০১৮ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল প্রধান অতিথি এবং তার সহধর্মিণী মিসেস অনি ইকবাল বিশেষ অতিথি হিসেবে বনভোজনে উপস্থিত ছিলেন। এছাড়াও রেজিস্ট্রার, ডিন, শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা - কর্মচারী ও অতিথিবৃন্দ বনভোজনে উৎসাহের সাথে অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় সচিব ড. মোঃ খালেদ ও তার পরিবার, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন ও তার সহধর্মিণী এবং বিশ্ববিদ্যালয়ের সাবেক ট্রেজারার ও রেজিস্ট্রার।

বনভোজনে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন প্রতিযোগিতামূলক খেলাধুলার আয়োজনও ছিলো। সকল আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের সরব উপস্থিতি ও অংশগ্রহণ লক্ষ্য করা যায়।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

গত ২১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০১৮ উদযাপন করা হয়। দিনের শুরুতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব ও চেতনা এর আলোকে বিশ্ববিদ্যালয়ে প্রবন্ধ প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দদের আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহারের আহ্বান জানান। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সবশেষে, ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা, বাংলা ভাষার সার্বজনীন ব্যবহার এবং দেশ ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।



শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন



অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

গত ১৭ মার্চ ২০১৮ তারিখে যথাযোগ্য মর্যাদায় "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ৯৮ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৮" উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার জীবনীর উপর প্রামান্যচিত্র প্রদর্শনী ও নির্বাচিত রচনা পাঠ-এর আয়োজন করা হয়। পরবর্তীতে দলভিত্তিক জাতীয় সঙ্গীত পরিবেশনা প্রতিযোগিতারও আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এছাড়াও উক্ত

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অসাধারণ নেতৃত্ব ও শিশুদের প্রতি তার মমত্ববোধ- এর উপর আলোকপাত করেন। জাতির জনকের আদর্শে উজ্জীবিত হয়ে দেশকে স্বপ্নের সোনার বাংলায় রূপান্তরের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকলকে একত্রে কাজ করার আহ্বান জানান বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন এবং নির্বাচিত মেধাবী শিক্ষার্থীদের মাঝে "উপাচার্য মেধাবৃত্তি" প্রদান করেন।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন



সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

গত ২৬ মার্চ ২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৮ উদযাপন করা হয়। স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষ্যে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত জাতীয় শিশু কিশোর সমাবেশের প্যারেডের প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সালাম গ্রহণকালে প্রচারিত জাতীয় সংগীত পরিবেশনার সাথে তাল রেখে সরাসরি অত্র বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ সমস্বরে শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশনায় অংশগ্রহণ করেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা স্বাধীনতার কবিতা আবৃত্তি, দলগত মুক্তির গান ও নৃত্য পরিবেশনা, প্রবন্ধ পাঠের মাধ্যমে দিবসটি উদযাপন করেন। মাননীয় ভাইস-চ্যান্সেলর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে মহান স্বাধীনতা আন্দোলনের নায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও দেশের জন্য আত্মদানকারী বীর সেনানী মুক্তিযোদ্ধাদের অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

## বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপন

গত ১৪ এপ্রিল ২০১৮ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণিল আয়োজনের মাধ্যমে বাংলা নববর্ষ-১৪২৫ উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব কর্তৃক এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়াও, অনুষ্ঠানে অংশগ্রহণকারী ও অতিথিদের বাংলার ঐতিহ্যবাহী নানাবিধ সুস্বাদু খাবার পরিবেশন করা হয়। এ অনুষ্ঠানে বাংলা নববর্ষের উৎসাহ ও উদ্দীপনাকে কাজে লাগিয়ে ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে সকলের পারস্পরিক সহযোগিতা, সৌহার্দ্য ও সম্প্রীতি অটুট রেখে যার যার অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল।



বাংলা নববর্ষ উদযাপনে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

## বাৎসরিক ইফতার মাহ্‌ফিলের আয়োজন

গত ৩০ মে ২০১৮ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে বাৎসরিক ইফতার পার্টি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এতে অংশগ্রহণ করেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে মাহে রমজানের শিক্ষা, আত্মসংযমে ব্রতী হওয়া ও নিঃস্বার্থভাবে বিশ্ববিদ্যালয়ের এবং দেশের উন্নয়নে একযোগে কাজ করার প্রতি গুরুত্বারোপ করেন। সবশেষে, বিশ্ববিদ্যালয় ও

দেশের উত্তরোত্তর শান্তি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।




ইফতার মাহ্‌ফিলে উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

### বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাদের বিদেশে সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ

বিগত বছরে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, ডিন, রেজিস্ট্রার ও অন্যান্য শিক্ষক/কর্মকর্তাসহ ১৪ জন প্রতিনিধি বিদেশী বিভিন্ন সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, চীন, সিঙ্গাপুর ও ভারত গমন করেন। এ সময় তারা 'Indo-pacific Regional Dialogue-2018', China Maritime Forum-২০১৮, IMO's 70th Anniversary সহ বেশ কিছু মেরিটাইম সংশিষ্ট সেমিনারে অংশগ্রহণ করেন। এছাড়াও শিক্ষার্থীদের বহিঃ বাংলাদেশ স্টাডি ট্যুর অনুষ্ঠিত হয়। স্টাডি ট্যুর এর অংশ হিসেবে শিক্ষার্থীরা ইন্ডিয়ান মেরিটাইম ইউনিভার্সিটি, কলকাতা ক্যাম্পাস পরিদর্শন করেন।

### রেজিস্ট্রার দপ্তরের কর্মকর্তাবৃন্দ

রেজিস্ট্রার দপ্তরে নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দ নিয়োজিত রয়েছেন:

১. কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি) পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
২. কমান্ডার এম ইসমাঈল, (এস), বিএন, অতিঃ রেজিস্ট্রার, প্রকিউরমেন্ট
৩. কমান্ডার এম মাহবুর রহমান, (ই), বিএন, অতিঃ রেজিস্ট্রার, এমটিপুল
৪. ইঃ কমান্ডার এম নিজাম উদ্দিন, বিএন, অতিঃ রেজিস্ট্রার, নিরাপত্তা ও আইডি কার্ড সেকশন
৫. নাজনীন নাহার, উপ-রেজিস্ট্রার, প্রকিউরমেন্ট
৬. লেঃ এম এম জাহাঙ্গীর, (এসডি), (এস), বিএন, সহঃ পরিচালক (ইনভেন্টরি)
৭. ড.মোঃ ফরহাদ আহম্মেদ, সহঃ রেজিস্ট্রার, সংস্থাপন
৮. মোহাম্মদ ইখতিয়ারুল হক, সহঃ রেজিস্ট্রার, একাডেমিক
৯. মোঃ ওসমান হারুন-অর-রশীদ, সহঃ রেজিস্ট্রার, এডমিন
১০. মুহাম্মদ নুরুল আমিন, সেকশন অফিসার, কাউন্সিল
১১. এম শামীম এহসান, এসসিপিও (রেগ), সিকিউরিটি অফিসার
১২. এম তোফাজ্জল হোসেন, এসসিপিও (এন্ড) (পিআরআই), সেকশন অফিসার
১৩. এম অজিজুর রহমান, সিপিও (এস), সেকশন অফিসার

## ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ সেল এর কার্যক্রম

### ইউনিভার্সিটি অব হাওয়াই, হিলো - এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর



সমঝোতা স্মারক স্বাক্ষরান্তে ইউনিভার্সিটি অব হাওয়াই, হিলো এর চ্যান্সেলর এবং বিএসএমআরএমইউ এর তদানীন্তন ভাইস-চ্যান্সেলর

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম, শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়সহ সার্বিক সহযোগিতার লক্ষ্যে ১৮ জুলাই ২০১৭ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম

ইউনিভার্সিটি, বাংলাদেশ ও ইউনিভার্সিটি অব হাওয়াই, হিলো - এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত স্মারকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির পক্ষে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন এবং ইউনিভার্সিটি অব হাওয়াই, হিলো- এর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ডোনাল্ড ও স্ট্রানি স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান একাডেমিক তথ্য বিনিময়, ফ্যাকাল্টি ও শিক্ষার্থী বিনিময়, যুগ্ম গবেষণা ইত্যাদি বিষয়ে একসাথে কাজ করতে সমর্থ হবে।

### ভিয়েতনাম মেরিটাইম ইউনিভার্সিটি- এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর




সমঝোতা স্মারক অনুষ্ঠানে দুই বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম, শিক্ষক ও শিক্ষার্থী বিনিময়সহ সার্বিক সহযোগিতার লক্ষ্যে ২৭ জুলাই ২০১৭ তারিখে ভিয়েতনাম মেরিটাইম ইউনিভার্সিটি এর ক্যাম্পাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ও ভিয়েতনাম মেরিটাইম ইউনিভার্সিটি- এর মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত স্মারকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির পক্ষে বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন এবং ভিয়েতনাম মেরিটাইম ইউনিভার্সিটি -এর পক্ষ থেকে ভাইস প্রেসিডেন্ট ড. ফাম জুয়ান ডং স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে বিএসএমআরএমইউ এর পক্ষ থেকে আরো উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব লায়লা আরজুমান্দ বানু, বিএসএমআরএমইউ- এর ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্সর ডিন কমডোর শেখ মাহমুদুল হাসান এবং বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল কোঅপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ সেলের পরিচালক কমান্ডার এম নাজমুল হাসান।

### ভাইস-চ্যান্সেলর মহোদয়ের “Indo-Pacific Regional Dialogue: ২০১৮চ -এ অংশগ্রহণের জন্য ভারত গমন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির পক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল গত ২৬-২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ভারতের নয়াদিলীতে অনুষ্ঠিত ০৩ দিন ব্যাপী “Indo-Pacific Regional Dialogue: 2018” -এ অংশগ্রহণ করেন। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে মেরিটাইম বিশেষজ্ঞদের সাথে মতবিনিময়ের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে যেসব প্রোগ্রাম চালু রয়েছে সেসব প্রোগ্রামকে আন্তর্জাতিক মানে উন্নয়ন করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

### ভাইস-চ্যান্সেলর মহোদয়ের ASEM (Asia Europe Meeting) - এ অংশগ্রহণের জন্য সিঙ্গাপুর গমন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির পক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল গত ২৬ এপ্রিল ও ২৭ এপ্রিল ২০১৭ তারিখে ০২ দিন ব্যাপি সিঙ্গাপুরে অনুষ্ঠিত “ASEM Conference on Green Shipping. Blue Business. Moving Forward Together” -এ অংশগ্রহণ করেন। উক্ত কনফারেন্সে বিভিন্ন দেশ থেকে আগত বিভিন্ন মেরিটাইম বিশেষজ্ঞগণের সাথে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মতবিনিময় করেন। এ ধরনের মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রাম সমূহের পঠিতব্য বিষয়াদি নির্ধারণ এবং পাঠ্যক্রম প্রণয়নের ক্ষেত্রে দিক নির্দেশনা প্রদানসহ আন্তর্জাতিক মান বজায় রাখা সম্ভব হবে বলে ভাইস-চ্যান্সেলর মহোদয় আশাবাদ ব্যক্ত করেন।

## সংবিধিবদ্ধ সভার কার্যক্রম

গত জুন ২০১৭ এর বার্ষিক প্রতিবেদন তৈরীর পর সিনেট-এর ১টি, সিন্ডিকেট-এর ৩টি ও একাডেমিক কাউন্সিল-এর ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। নিম্নে উক্ত সভাসমূহের সংক্ষিপ্ত বিবরণী উলেখ করা হলো:

## সিনেট সভা



সিনেট -এর ৩য় সভার সম্মানিত সদস্যগণ

### সিনেট-এর ৩য় সভা

গত ২০ জুন ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর ৩য় সভা তৎকালীন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় চেয়ারম্যান মহোদয়ের ভাষণ, ট্রেজারার মহোদয় কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের মূল বাজেট উপস্থাপন, একাডেমি/কলেজ/ইনস্টিটিউট অধিভুক্তি সংবিধি অনুমোদন, বিএসএমআরএমইউ-এর ৩য় বার্ষিক প্রতিবেদন (জুলাই ২০১৬-জুন ২০১৭) অনুমোদন এবং মেরিন একাডেমির ৪ (চার) বৎসর মেয়াদি অনার্স কোর্সের ক্রেডিট আওয়ারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## সিন্ডিকেট-এর সভাসমূহ



সিন্ডিকেট-এর ১৬তম সভার সম্মানিত সদস্যগণ

### সিন্ডিকেট-এর ১৪তম সভা

গত ২৪ আগস্ট ২০১৭ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ১৪তম সভা তৎকালীন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নিয়োগের শর্তাবলি পরিবর্তন, প্রেষণে অফিসার ও কর্মচারী (নাবিক) নিয়োগ, জনবল নিয়োগ (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী), আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের ফি স্ট্রাকচার, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট এবং এলএলএম মেরিটাইম 'ল' প্রোগ্রামের কারিকুলাম (পাঠ্যক্রম) হালনাগাদকরণ, বিশ্ববিদ্যালয় এবং মেরিন একাডেমির বিভিন্ন পরীক্ষার প্রকাশিত ফলাফল ঘটনাত্তোর অনুমোদন, সামরিক বাহিনী হতে প্রেষণে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে বিশ্ববিদ্যালয় হতে বেতন ও ভাতা প্রদানের বিষয়টি অবহিতকরণ এবং যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব হাওয়াই, হিলো-এর সাথে প্রস্তাবিত গড়ট স্বাক্ষর অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ১৫তম সভা

গত ০৭ ও ২০ ডিসেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ১৫তম সভা (প্রথম এবং দ্বিতীয় অধিবেশন) তৎকালীন ভাইস-চ্যান্সেলরের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নিয়োগ অনুমোদন, সেনাবাহিনী হতে প্রেষণে যোগদানকৃত কর্মকর্তার নিয়োগ ঘটনাত্তোর (Post facto) অনুমোদন, খন্ডকালীন শিক্ষক নিয়োগ নীতিমালা সংশোধন অনুমোদন, শর্ট (সার্টিফিকেট) কোর্সের ফি পুনঃনির্ধারণ, বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রোগ্রামসমূহের অভিন্ন ফি স্ট্রাকচার অনুমোদন, এমবিএ (সান্ধ্যকালীন) পরিচালনার নীতিমালা অনুমোদন, B.Sc in Naval Architecture and Offshore Engineering Ges 'B.Sc (Hons.) in Oceanography' প্রোগ্রামের ২০১৭-১৮ হতে পরবর্তী ব্যাচসমূহের জন্য কারিকুলাম অনুমোদন, Statistical Packages for the Social Scicences (SPSS) শর্ট (সার্টিফিকেট) কোর্সের কারিকুলাম অনুমোদন, মেরিন একাডেমির ৫২তম ব্যাচ (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) ক্যাডেটদের Ashore Training এর রূপরেখা অনুমোদন এবং Indian Institute of Technology, Madras I Ocean University of Sri Lanka-এর সাথে প্রস্তাবিত খসড়া সমঝোতা স্মারক গড়ট স্বাক্ষর অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সন্ডিকেট-এর ১৬তম সভা

গত ১৯ এপ্রিল ২০১৮ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ১৬তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল

মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় Port and Shipping Management বিভাগের অধীনে BBA in Port Management and Logistics কোর্স চালুকরণের অনুমোদন, বাংলাদেশ মেরিন একাডেমির ৩ (তিন) বছর মেয়াদী বিএমএস (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি প্রোগ্রামের ৪৮, ৪৯ ও ৫০তম ব্যাচসমূহের চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফলাফল ঘটনাত্তোর (Post facto) অনুমোদন, Institute of Professional Language খোলার অনুমোদন, Institute of Bay of Bengal and Bangladesh Studies এর অধীনে Port & Shipping Studies শীর্ষক সার্টিফিকেট (শর্ট) কোর্স প্রোগ্রাম চালুকরণের অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠান আয়োজন, বাংলাদেশ মেরিন একাডেমির ৩ বছর মেয়াদী বিএমএস (পাস) ডিগ্রি অর্জনকারী ক্যাডেটদের Provisional Certificate I Academic Transcript প্রদানের নির্দেশনা এবং ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রি (পাস) কোর্স সম্পন্নকারী ৪৭তম ব্যাচের ক্যাডেটদের ৪ (চার) বছর মেয়াদী ডিগ্রি (অনার্স) কোর্সে ভর্তির সুযোগ প্রদানের নিমিত্তে গঠিত কমিটির প্রতিবেদনের সুপারিশ অনুমোদন, BSc in Oceanography প্রোগ্রামের ২০১৬-২০১৭ ব্যাচ এবং ২০১৭-২০১৮ হতে পরবর্তী ব্যাচ সমূহের জন্য সার্বিক কারিকুলামটি সামগ্রিকভাবে পাঠ্যক্রম কমিটির মাধ্যমে ৪.৫ ক্রেডিট এর মৌখিক পরীক্ষা (Viva-Voce) সংযুক্ত করে Credit সমন্বয় করতঃ অনুমোদন এবং বিশ্ববিদ্যালয়ে আগামী ৩ (তিন) বছরের (২০১৮-২০২১) মধ্যে সম্ভাব্য ইনস্টিটিউট, ফ্যাকাল্টি ও ডিপার্টমেন্ট খোলার অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ১৭তম সভা

গত ১১ জুন ২০১৮ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ১৭তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় মাস্টার্স প্রোগ্রামসমূহের ফি স্ট্রাকচার হ্রাসকরণ ও বৈকালিন (১৪:০০ থেকে ১৭:০০ ঘটিকা পর্যন্ত) শ্রেণী কার্যক্রম চালুকরণের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনের সুপারিশমালা অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য 'একাডেমিক এ্যাওয়ার্ড' প্রবর্তন সংক্রান্ত বিধিমালা অনুমোদন, কলেজ/ একাডেমি/ইনস্টিটিউট-এর অধিভুক্তি ফি নির্ধারণ, ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থ বছরের মূল বাজেট অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরুর প্রাথমিক পর্যায়ে নিয়োগকৃত ১ (এক) জন কর্মকর্তা ও ৩ (তিন) জন কর্মচারীর নিয়োগ অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বাৎসরিক প্রতিবেদন-এর খসড়া অনুমোদন এবং অক্টোবর ২০১৮ সেমিস্টার-এর মাস্টার্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কমিটি ও কর্মপরিকল্পনা অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিল-এর সভা সমূহ



একাডেমিক কাউন্সিল-এর ১৭তম সভার সম্মানিত সদস্যগণ

### একাডেমিক কাউন্সিল-এর ১৫তম সভা

গত ১৭ আগস্ট ২০১৭ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ১৫তম সভা তৎকালীন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, এলএলএম মেরিটাইম 'ল' I 'BSc (Hons.) in Oceanography' প্রোগ্রামের কারিকুলাম অনুমোদনের সুপারিশ, আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রামের (এলএলবি অনার্স ও B.Sc in Naval Architechture and Offshore Engineering) ফি স্ট্রাকচার অনুমোদনের সুপারিশ, বিশ্ববিদ্যালয়ের এমপিএসএম ও এলএলএম মেরিটাইম ল্ব এর (১ম ব্যাচ) ও বাংলাদেশ মেরিন একাডেমির বিভিন্ন ব্যাচের চূড়ান্ত পরীক্ষার প্রকাশিত ফলাফল ঘটনাত্তোর (Post facto) অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান, বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান আয়োজন এবং বাংলাদেশ নৌ-বাহিনীর নাবিকদের (এসএসসি/এইচএসসি উত্তীর্ণ) বিশ্ববিদ্যালয়ে ডিপোমা কোর্স চালুকরণের জন্য গঠিত কমিটির রিপোর্ট তরান্বিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ১৬তম সভা

গত ১৯ নভেম্বর ২০১৭ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ১৬তম সভা তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন মহোদয়ের সভাপতিত্বে

বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ নীতিমালা সংশোধন অনুমোদনের সুপারিশ, বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রোগ্রামসমূহের অভিন্ন ফি স্ট্রাকচার প্রবর্তন, B.Sc in Naval Architecture and Offshore Engineering প্রোগ্রাম Ges Statistical Packages for the Social Sciences (SPSS) শর্ট (সার্টিফিকেট) কোর্সের কারিকুলাম অনুমোদনের সুপারিশ, ২০১৭-১৮ স্নাতক ভর্তি পরীক্ষার আসন সংখ্যা নির্ধারণের বিষয়টি ঘটনাত্তোর (Post facto) অনুমোদন এবং মেরিন একাডেমির প্রাক্তন ক্যাডেটদের জন্য বিশেষ ডিগ্রি কোর্স প্রবর্তন ও সনদায়ন অনুমোদনের সুপারিশসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ১৭তম সভা

গত ২০ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ১৭তম সভা তদানীন্তন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় Department of Transportation & Logistics Management শীর্ষক অনার্স প্রোগ্রাম চালুকরণের অনুমোদনের সুপারিশ, বিশ্ববিদ্যালয়ে এমপিএসএম ও এলএলএম মেরিটাইম ল্ব (২য় ব্যাচ)-এর ২য় সেমিস্টার পরীক্ষার ফলাফল অবহিতকরণ ও বাংলাদেশ মেরিন একাডেমির বিভিন্ন ব্যাচসমূহের চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘটনাত্তোর (Post facto) অনুমোদন, Master in Marine Biotechnology প্রোগ্রামের Curriculum অনুমোদনের সুপারিশ, Institute of Bay of Bengal and Bangladesh Studies এবং Institute of Modern Language খোলার অনুমোদনের সুপারিশ এবং বিশ্ববিদ্যালয়ে আগামী ৩ (তিন) বছরের (২০১৮-২০২১) মধ্যে সম্ভাব্য ইনস্টিটিউট, ফ্যাকাল্টি ও ডিপার্টমেন্ট খোলাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ১৮তম সভা

গত ২৯ মার্চ ২০১৮ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ১৮তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ মেরিন একাডেমির ৩ (তিন) বছর মেয়াদী বিএমএস (পাস) ডিগ্রি অর্জনকারী ক্যাডেটদের Provisional Certificate I Academic Transcript প্রদানের নির্দেশনা এবং ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রি (পাস) কোর্স সম্পন্নকারী ৪৭তম ব্যাচের ক্যাডেটদের ৪ (চার) বছর মেয়াদী ডিগ্রি (অনার্স) কোর্সে ভর্তির সুযোগ প্রদানের নিমিত্তে গঠিত কমিটির প্রতিবেদনের সুপারিশ অনুমোদন, BSc in Oceanography প্রোগ্রামের ২০১৬-২০১৭ ব্যাচ এবং ২০১৭-২০১৮ হতে পরবর্তী ব্যাচ সমূহের জন্য সার্বিক কারিকুলামটি সামগ্রিকভাবে পাঠ্যক্রম কমিটির মাধ্যমে মৌখিক পরীক্ষা (Viva-Voce) সংযুক্ত করে Credit সমন্বয় করতঃ অনুমোদন এবং Masters in Marine Biotechnolog প্রোগ্রামের সংশোধিত Curriculum অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল এর ১৯তম সভা

গত ১৭ মে ২০১৮ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ১৯তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় মাস্টার্স প্রোগ্রামসমুহের ফি স্ট্রাকচার হ্রাসকরণ ও বৈকালিন (১৪:০০ থেকে ১৭:০০) শ্রেণি কার্যক্রম চালুকরণের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনের সুপারিশমালা অনুমোদন, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম-এর ১-২৬তম ব্যাচের এক্স-ক্যাডেটদের Special Graduation সনদ প্রদান কমিটির প্রতিবেদনের সুপারিশমালা অনুমোদন, মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স ও Master in Maritime Tourism and Hospitality Management প্রোগ্রামের কারিকুলাম অনুমোদন, মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস স্ট্যাডিজ প্রোগ্রামের ১ম, ২য় এবং ৩য় সেমিস্টারে Development Course ক্যাটাগরিতে একটি করে Study Tour (নন ক্রেডিট কোর্স) এবং Student Concluding Seminar (নন ক্রেডিট কোর্স) হিসেবে অন্তর্ভুক্তকরণের বিষয়টি অনুমোদন এবং বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর সদস্য হিসেবে একাডেমিক কাউন্সিল কর্তৃক ২ (দুই) জন অধ্যাপক মনোনয়ননসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## অর্থ কমিটির সভাসমূহ



অর্থ কমিটির ১৫ তম সভার সম্মানিত সদস্যবৃন্দ

### অর্থ কমিটির ১২ তম সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অর্থ কমিটির ১২ তম সভা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এএসএম আব্দুল বাতেন মহোদয়ের সভাপতিত্বে ১০ আগস্ট ২০১৭ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ঋবণ্ঠ ই একটি হিসাব খোলা, এলএলবি অনার্স ও বিএসসি ইন নেভাল আর্কিটেকচার প্রোগ্রামের ফি স্ট্রাকচার, অনার্স ও মাস্টার্স প্রোগ্রামের বিভিন্ন পরীক্ষার পারিতোষিক, সনদ যাচাই ফি নির্ধারণ, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের কার্যভার ভাতা ও শ্রান্তি বিনোদনভাতা প্রদান প্রভৃতি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

### অর্থ কমিটির ১৩ তম সভা

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ১৩ তম সভা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ০৯.৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশীপ ও শিক্ষা সফরের খরচ সংকুলান, মাস্টার্স প্রোগ্রামের অভিন্ন ফি স্ট্রাকচার প্রবর্তন, সার্টিফিকেট কোর্সের ফি পুনঃনির্ধারণ, কারিকুলাম কমিটির সদস্যগণের সম্মানী প্রদান এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বৈদেশিক ভ্রমণভাতা প্রদান বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

### অর্থ কমিটির ১৪ তম সভা

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ১৪ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে ১৯ মার্চ ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসসি ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের বিদেশি ০২ জন খন্ডকালীন শিক্ষকের আর্থিক সংশেষ, বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার/সমমান, উপ রেজিস্ট্রার/সমমান ও অতিরিক্ত রেজিস্ট্রার/সমমান পদের বেতন স্কেল পরিবর্তন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংবিধি, বিধি, প্রবিধি এবং নীতিমালা প্রণয়ন ও সংশোধন সংক্রান্ত ইউজিসি ও মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায়  কর্মকর্তা ও সহায়তাকারীগণের সম্মানী প্রদান, বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রদান এবং একাডেমিক কাউন্সিলের সকল সদস্যের সিটিং এলাউন্স/সম্মানী প্রদান প্রভৃতি বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

### অর্থ কমিটির ১৫ তম সভা

অর্থ কমিটির ১৫ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে ২৮ মে সকাল ১১.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের কলেজ, ইনস্টিটিউট/একাডেমি অধিভুক্তি ফি, নতুন ০২ টি মাস্টার্স প্রোগ্রামের ফি স্ট্রাকচার, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট এবং লজিস্টিকস প্রোগ্রামের ফি স্ট্রাকচার, মাস্টার্স প্রোগ্রাম সমূহের ফি হ্রাসকরণ, বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ সালের সংশোধিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থবছরের মূল  বাজেট অনুমোদন সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির সভা

### পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৫ম সভা

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর অদ্যাবধি ৫টি গুরুত্বপূর্ণ সভা সম্পূর্ণ করেছে যার ৫ম সভা বিগত ৯ অক্টোবর ২০১৭ সম্পন্ন হয়। উক্ত সভায় স্থায়ী ক্যাম্পাসের জন্য Feasibility Study সম্পাদনসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।



পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৫ম সভার সম্মানিত সদস্যবৃন্দ

## পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকান্ড

অত্র বিশ্ববিদ্যালয়ে চলমান স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামের বিভিন্ন সেমিস্টার পরীক্ষা ও অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমির যাবতীয় পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন এবং যথাসময়ে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের প্রধান দায়িত্ব। তাছাড়া, ফলাফলের ভিত্তিতে পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করাও অত্র দপ্তরের অন্যতম দায়িত্ব। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র দপ্তর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এরই ধারাবাহিকতায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয় ও অধিভুক্তি প্রতিষ্ঠানে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত অভ্যন্তরীণ পরীক্ষার সার-সংক্ষেপ

### স্নাকোত্তর প্রোগ্রামের পরীক্ষাসমূহ:

| ক্র: নং | পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা অরম্ভের তারিখ | পরীক্ষা শেষের তারিখ | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|---|---|---|
| ১. | আগস্ট ২০১৭ | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ২য় ব্যাচ ২য় সেমিস্টার | ২৭ আগস্ট ২০১৭ | ১৪ সেপ্টেম্বর ২০১৭ | ০৭ ডিসেম্বর ২০১৭ |
| | | এলএলএম মেরিটাইম ‘ল’ | | | | ০৪ ডিসেম্বর ২০১৭ |
| ২. | ফেব্রুয়ারি ২০১৮ | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ২য় ব্যাচ ৩য় সেমিস্টার | ২৫ ফেব্রুয়ারি ২০১৮ | ১৫ মার্চ ২০১৮ | ২৭ মে ২০১৮ |
| | | | ৩য় ব্যাচ ১ম সেমিস্টার | | | ১৩ মে ২০১৮ |
| | | এলএলএম মেরিটাইম ‘ল’ | ৩য় ব্যাচ ১ম সেমিস্টার | | | ২৭ মে ২০১৮ |
| | | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ১ম ব্যাচ ১ম সেমিস্টার | | | ১৩ মে ২০১৮ |

### স্নাকোত্তর প্রোগ্রামের পরীক্ষাসমূহ:

| ক্র: নং | পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা অরম্ভের তারিখ | পরীক্ষা শেষের তারিখ | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|---|---|---|
| ১. | মে ২০১৭ | বিএসসি ইন ওশানোগ্রাফি | ১ম ব্যাচ ১ম সেমিস্টার | ২৮ মে ২০১৭ | ১৫ জুন ২০১৭ | ২৭ সেপ্টেম্বর ২০১৭ |
| ২. | নভেম্বর ২০১৭ | বিএসসি ইন ওশানোগ্রাফি | ১ম ব্যাচ ২য় সেমিস্টার | ২২ নভেম্বর ২০১৭ | ১০ ডিসেম্বর ২০১৭ | ০৭ মার্চ ২০১৮ |
| ৩ | মে ২০১৮ | বিএসসি ইন ওশানোগ্রাফি | ১ম ব্যাচ ৩য় সেমিস্টার | ২৩ মে ২০১৮ | ১১ জুন ২০১৮ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| | | | ২য় ব্যাচ ১ম সেমিস্টার | ২৩ মে ২০১৮ | ১১ জুন ২০১৮ | |
| | | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ২য় ব্যাচ ১ম সেমিস্টার | ২৩ মে ২০১৮ | ১১ জুন ২০১৮ | |

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত অধিভুক্ত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার সার-সংক্ষেপ

| ক্র: নং | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা অরম্ভের তারিখ | পরীক্ষা শেষের তারিখ | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|---|---|
| ১. | বিএমএস (সম্মান) | ৫২ ব্যাচ<br>২য় বর্ষ ৩য় সেমিস্টার পরীক্ষা, জুন ২০১৭ | ০৪ জুন ২০১৭ | ২০ জুন ২০১৭ | ১৪ জানুয়ারি ২০১৮ |
| | | ৫২ ব্যাচ<br>২য় বর্ষ ৪র্থ সেমিস্টার পরীক্ষা, নভেম্বর ২০১৭ | ১৬ নভেম্বর ২০১৭ | ০৭ ডিসেম্বর ২০১৭ | ০৫ জুন ২০১৮ |
| ২. | বিএমএস (সম্মান) | ৫৩ ব্যাচ<br>১ম বর্ষ ১ম সেমিস্টার পরীক্ষা, জুন ২০১৭ | ০৪ জুন ২০১৭ | ২০ জুন ২০১৭ | ২৬ ডিসেম্বর ২০১৭ |
| | | ৫৩ ব্যাচ<br>১ম বর্ষ ২য় সেমিস্টার পরীক্ষা, নভেম্বর ২০১৭ | ১৬ নভেম্বর ২০১৭ | ০৭ ডিসেম্বর ২০১৭ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| | | ৫৩ ব্যাচ<br>২য় বর্ষ ৩য় সেমিস্টার পরীক্ষা, মে ২০১৮ | ১৭ মে ২০১৮ | ১০ জুন ২০১৮ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| ৩. | বিএমএস (সম্মান) | ৫৪ ব্যাচ<br>১ম বর্ষ ১ম সেমিস্টার পরীক্ষা, মে ২০১৮ | ১৭ মে ২০১৮ | ১০ জুন ২০১৮ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| ৪. | রূপান্তরিত (সম্মান) | ৪৮ ও ৪৯ ব্যাচ (১ম ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৮ম সেমিস্টার পরীক্ষা, জুন ২০১৭ | ০৪ জুন ২০১৭ | ১৯ জুন ২০১৭ | ১০ ডিসেম্বর ২০১৮ |
| ৫. | রূপান্তরিত (সম্মান) | ৪৮ ও ৪৯ ব্যাচ (২য় ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৭ম সেমিস্টার পরীক্ষা, জুন ২০১৭ | ০৪ জুন ২০১৭ | ২০ জুন ২০১৭ | ২৬ ডিসেম্বর ২০১৭ |
| | | ৪৮ ও ৪৯ ব্যাচ (২য় ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৮ম সেমিস্টার পরীক্ষা, নভেম্বর ২০১৭ | ১৬ নভেম্বর ২০১৭ | ১৪ ডিসেম্বর ২০১৭ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| ৬. | রূপান্তরিত (সম্মান) | ৪৮, ৪৯ ও ৫০ ব্যাচ (৩য় ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৭ম সেমিস্টার পরীক্ষা, নভেম্বর ২০১৭ | ১৬ নভেম্বর ২০১৭ | ১৪ ডিসেম্বর ২০১৭ | ০৫ জুন ২০১৮ |
| | | ৪৮, ৪৯ ও ৫০ ব্যাচ (৩য় ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৮ম সেমিস্টার পরীক্ষা, মে ২০১৮ | ১৭ মে ২০১৮ | ১০ জুন ২০১৮ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |
| ৭. | | ৪৮, ৪৯ ও ৫০ ব্যাচ (৪র্থ ব্যাচ)<br>৪র্থ বর্ষ ৭ম সেমিস্টার পরীক্ষা, মে ২০১৮ | ১৭ মে ২০১৮ | ১০ জুন ২০১৮ | প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রকাশিত হয়নি |

### উন্নয়ন কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের কলেবর ক্রমবিকাশের ধারাবাহিকতায় অত্র দপ্তরের কর্মকান্ডও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষিতে, বিশ্ববিদ্যালয়ের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে অত্র দপ্তরের কার্যক্রম অধিকতর গতিশীল করার সুবিধার্থে ইতোমধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের জন্য একটি হেভি ডিউটি ফটোকপিয়ার সংগ্রহ করা হয়েছে। তাছাড়া, আগামী ০১ (এক) বছরে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে ইতোমধ্যে প্রয়োজনীয় উত্তরপত্রসহ অন্যান্য উপকরণ গুদামজাত করা হয়েছে। এতদ্ব্যতীত, অত্র বিশ্ববিদ্যালয়ের জন্য বাস্তবায়নাধীন BSMRMU Integrated Management System -এর আওতায় পরীক্ষার ফলাফল প্রস্তুতের প্রক্রিয়া সহজীকরণের জন্য সম্পূর্ণ কার্যক্রমকে সফওয়্যার ভিত্তিক করার নিমিত্তে ডেভেলপিং ফার্মের সহিত প্রয়োজনীয় সমন্বয় করা হচ্ছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় ও এর অধিভুক্ত প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে যা আরো বেশী উন্নত করার লক্ষ্যেই নতুনভাবে উদ্যোগ গৃহীত হয়েছে।

## অর্থ ও হিসাব দপ্তরের অধীনে গৃহীত কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ২য় ট্রেজারার হিসেবে কমডোর এম খুরশীদ মালিক, (ই), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন বিগত ০৮ ফেব্রুয়ারি ২০১৮ অবসর গমন করেন। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর হতে বর্তমান সময় পর্যন্ত অর্থ ও হিসাব দপ্তরের অধীনে বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে অর্থ কমিটির সভাসহ নিুবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

### অর্থ কমিটির সভা ও অন্যান্য কার্যক্রম

আলোচ্য ২০১৭-১৮ অর্থ বছরে অর্থ কমিটির সভাসহ নিুবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- ক। অর্থ কমিটির ০৪ টি সভা
- খ। দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন
- গ। বাজেট পর্যালোচনা সভা
- ঘ। বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা

### দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার দপ্তরের আয়োজনে দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আর্থিক বিধিবিধান, হিসাব সংরক্ষণ এবং ভ্যাট, আয়কর ও অডিট ব্যবস্থাপনা শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মসূচি গত ০৮ নভেম্বর ২০১৭ হতে ২৭ নভেম্বর ২০১৭ পর্যন্ত অনুষ্ঠিত হয়। ০৮ নভেম্বর ২০১৭ বেলা ১৪০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ট্রেজারার কমডোর এম খুরশীদ মালিক উক্ত প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। প্রতিদিন বেলা ১৪০০ ঘটিকা হতে ১৮০০ ঘটিকা পর্যন্ত ০৩টি করে মোট ০৬ দিনে প্রশিক্ষণ কোর্সটি সম্পন্ন হয়। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে জাতীয় রাজস্ব বোর্ড, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর সংশ্লিষ্ট বিষয়ে বিজ্ঞ কর্মকর্তাগণ রিসোর্স পারসন হিসেবে পাঠদান করেছেন। প্রশিক্ষণ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার দপ্তর ও অন্যান্য দপ্তরের মোট ২৭ জন কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেছেন।



প্রশিক্ষণ কর্মসূচিষ্ঠিত অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

### বাজেট পর্যালোচনা সভা

গত ২৮ মার্চ ২০১৮ এবং ১২ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০৪ জন কর্মকর্তা ও অত্র বিশ্ববিদ্যালয়ের হিসাব দপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-১৯ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করতঃ বিভিন্ন সুপারিশ প্রদান করেন।

### বিশ্ববিদ্যালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা

২৪ মে ২০১৮ তারিখে মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা

অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বরাদ্দকৃত বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেট টাকা ২৬ কোটি ০৬ লক্ষ এবং ২০১৮-১৯ অর্থবছরের মূল বাজেট টাকা ৩০ কোটি ৪০ লক্ষ খাত ও কোডভিত্তিক বিন্যাসপূর্বক উপস্থাপন করা হয় এবং ভিসি মহোদয়ের নির্দেশনা মোতাবেক তা চূড়ান্ত করা হয়।

### বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে চলতি অর্থবছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি, ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০১৮-১৯ অর্থবছরের মূল বাজেট এবং ২০১৭-১৮ অর্থ বছরের ক্রয় কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

### বিশ্ববিদ্যালয়ের বাজেট

২০১৭-১৮ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেট ছিল ২১ কোটি ৯৩ লক্ষ টাকা। উক্ত মূল বাজেটের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরে ২৬ কোটি ০৬ লক্ষ টাকার সংশোধিত বাজেট এবং আগামী ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩০ কোটি ৪০ লক্ষ টাকার মূল বাজেট অনুমোদন করা হয়।

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর এবং ইঞ্জিনিয়ারিং সেকশনের সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর ও ইঞ্জিনিয়ারিং সেকশন অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই ভিসি মহোদয়ের নির্দেশনায় স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহণ, অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা, ডিপিপি প্রণয়ন ও অনুমোদন, বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়নসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। বিগত বৎসরের উল্লেখযোগ্য কার্যক্রম নিতে লিপিবদ্ধ করা হলোঃ

### অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় এবং নতুন কিছু বিভাগ ও ইনস্টিটিউট খোলার প্রয়োজনীয়তা থাকায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে বর্তমানে ব্যবহৃত মেঘনা ভবনের ৩টি ফ্লোর ও মিরপুর সাড়ে এগারতে অবস্থিত পদ্মা ভবনের ১টি ফ্লোর ভাড়া নেওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ইঞ্জিনিয়ারিং সেকশনের সার্বিক তত্ত্বাবধানে মেঘনা ভবনের তিনটি ফ্লোরের সংস্কার ও পরিবর্ধনের কাজ চলমান রয়েছে যা অতিশীঘ্র অত্র বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তর হবে বলে আশা করা যায়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান অস্থায়ী ক্যাম্পাসের অধিক কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য বিভিন্ন ফ্লোরের নতুন লে-আউট প্রস্তুত করা হয়েছে।

### স্থায়ী ক্যাম্পাসের জমি অধিগ্রহণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলার বন্দর থানার হামিদচর এলাকায় অত্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের জন্য ১০৬ একর জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদান করেছে যার রেজিস্ট্রেশন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।



### স্থায়ী ক্যাম্পাসের Feasibility Study সম্পাদন

সরকারি অর্থায়নে ২৫ কোটি টাকার বেশি কোনো প্রকল্প বাস্তবায়নের জন্য Feasibility Study সম্পাদনের নিয়ম থাকায় MIST কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত জমির Feasibility Study সম্পাদন করা হয়েছে। MIST বিগত ২৪ জানুয়ারি ২০১৮ তাদের রিপোর্ট দাখিল করেছে।

### স্থায়ী ক্যাম্পাসে মতবিনিময় সভা

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মেরিটাইম শিক্ষার গুরুত্ব ও অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্পর্কে মেরিটাইম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অবহিত করার জন্য বিগত ৯ মে ২০১৮ তারিখ চট্টগ্রাম জেলার বন্দর থানার কালুর ঘাট এলাকার হামিদচরে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের জন্য বরাদ্দকৃত জায়গায় এক মত বিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাসির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম- ৮ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মঈন উদ্দীন খান বাদল এবং সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন।




স্থায়ী ক্যাম্পাসে (চট্টগ্রাম) মতবিনিময় সভায় ভিসি মহোদয় ও অতিথিবৃন্দ

### বিশ্ববিদ্যালয়ের ডিপিপি

৯৬৯.৬৭ কোটি টাকা ব্যয় সম্বলিত অত্র বিশ্ববিদ্যালয়ের ডিপিপি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বর্তমানে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে যা অতিশীঘ্র একনেকে অনুমোদন পাবে বলে আশা করা যায়।

### ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা

৪,৯২,১২,৬৫০.০০ টাকা ব্যয় সম্বলিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ভিসি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রমের জন্য প্রকিউরমেন্ট সেকশনে প্রেরণ করা হয়েছে।

## আইসিটি সেন্টারের কর্মকান্ড

দ্রুত পরিবর্তনশীল আধুনিক বিশ্বে কম্পিউটার একটি অপরিহার্য যন্ত্র। ইন্টারনেট এবং কম্পিউটারের মাধ্যমে সুবিশাল পৃথিবী আজ গ্লোবাল ভিলেজে পরিনত হয়েছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়কে আধুনিক এবং আইসিটি বান্ধব বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রয়োজনে আইসিটি সেন্টার পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং গবেষনাকে বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য তথ্য প্রযুক্তি বান্ধব যে সকল কার্যাবলী গত এক বছরে সম্পাদন করা হয়েছে তার বিবরণ নিম্নে উপস্থাপন করা হলোঃ

### নেটওয়ার্ক অবকাঠামো পরিবর্ধন

বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান অভ্যন্তরীণ LAN (Local Area Network) কে উন্নত প্রযুক্তির Switch, Router, Firewall সংযোজনের মাধ্যমে আরো শক্তিশালী ও নিরাপদ করা হয়েছে। হাইস্পিড ইন্টারনেট সংযোগ বিশিষ্ট Campus Area Network (CAN) কে আরো পরিবর্ধন ও যুগোপযোগী করা হয়েছে।

### ক্যাম্পাসে ওয়াইফাই ক্যাভারেজ উন্নতকরণ

আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সম্পূর্ণ ক্যাম্পাসে একই ঝঝওউ সম্বলিত ওয়াইফাই নেটওর্য়াক স্থাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সহ সকল ছাত্র-ছাত্রীদের ওয়াইফাই প্রযুক্তির মাধ্যমে ওহঃবৎহবঃ সুবিধা প্রদান করা হচ্ছে। আইসিটি সেন্টার কর্তৃক বিভিন্ন দপ্তরে অবস্থিত সকল প্রিন্টার ও ফটোকপিয়ার মেশিনকে ওয়াইফাই নেটওয়ার্কের আওতায় আনায়নের ফলে বিশ্ববিদ্যালয়ের রির্সোস সমূহের সর্বত্তোম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

### বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও ইমেইল পরিচালনা

বিশ্ববিদ্যালয়ের তথ্যাবলি, গুরুত্বপূর্ন নোটিশ, নিউজ ইত্যাদি সকলের ব্যবহার উপযোগী করে উপস্থাপনের জন্য www.bsmrmu.edu.bd ঠিকানায় অত্র বিশ্ববিদ্যালয়ের একটি ওয়েবসাইট আছে যা নিয়মিত আপডেট করা হচ্ছে।

### Digital IP Based PABX System পরিবর্ধন

বহিঃ সংস্থাসহ দেশের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষার জন্য ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে আইপি টেলিফোন সংযোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিশ্ববিদ্যালেয়র অভ্যন্তরীণ যোগাযোগের জন্য ৫০০ লাইন ক্ষমতা সম্পন্ন Server Based IP PABX System চালু আছে। যা প্রতিনিয়ত প্রয়োজন মোতাবেক বৃদ্ধি করা হচ্ছে।

### Library Management System স্থাপন

সম্প্রতি বিশ্ববিদ্যালয়েষ Central Library কে Digital Library তে রুপান্তর করার লক্ষ্যে ICT Center এর সার্বিক সহযোগিতায় আন্তর্জাতিক মানের ওপেন সোর্স সফটওয়্যার (KOHA এবং DSpace) ব্যবহার করে Digital Library Management System স্থাপন করা হয়েছে যা বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

### University Automation System স্থাপন

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ভর্তি, রেজিস্ট্রেশন, কোর্স পরিচালনা, রেজাল্ট প্রকাশনা ইত্যাদি যুগোপযোগী করা এবং দাপ্তরিক সকল কার্যক্রম স্বল্প সময়ে নির্ভুলভাবে Digitally সম্পাদনের লক্ষ্যে ইতিমধ্যে আইসিটি সেন্টারের উদ্যেগে ও সার্বিক কারিগরি সহায়তায় University Automation System স্থাপনের কাজ অত্যন্ত দ্রুততার সাথে এগিয়ে চলছে।

### তথ্য নিরাপত্তা বিধান

বিশ্ববিদ্যালয়ের সকল ডিজিটাল কটেন্টের নিরাপত্তা বিধানের জন্য উন্নত প্রযুক্তির Firewall স্থাপন করা হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ে ব্যবহৃত কম্পিউটারসমূহের তথ্য নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে আধুনিক মানের সার্ভার সম্বলিত উচ্চ ক্ষমতা সম্পন্ন Client Server Based Internet Security System সংযোজন করা হয়েছে।

### সার্ভার রুমের অবকাঠামো উন্নয়ন

সার্ভার রুমের সুষ্ঠ কার্যক্ষমতা এবং রক্ষণাবেক্ষণের জন্য Auto Timer System সম্বলিত দুটি উচ্চ ক্ষমতাসম্পন্ন এসি, Dehumidifier এবং Ultrasonic Rodent Repellent System স্থাপন করা হয়েছে।

### অন্যান্য কারিগরি সহায়তা

নিজস্ব কার্যাদির পাশাপাশি আইসিটি সেন্টার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরকে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। বিশ্ববিদ্যালয়ের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নাইটভিশন সুবিধাসহ উচ্চক্ষমতা সম্পন্ন NVR System সম্বলিত সিসিটিভি মনিটরিং সিষ্টেম চালু করা হয়েছে। প্রতিনিয়ত আইসিটি সেন্টার উক্ত সিষ্টেমের যান্ত্রিক কার্যক্ষমতা পর্যবেক্ষন সহ যাবতীয় মেইন্টেন্যান্স সহায়তা প্রদান করছে। ইহা ছাড়াও আইসিটি সেন্টারের কারিগরি সহায়তায় বিশ্ববিদ্যালয়ে Digital Library Management System I Certificate Management System এর সার্ভারসহ অন্যান্য সিস্টেম বর্তমানে চালু আছে।

## কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকান্ড

### সংগ্রহ

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের জন্য দেশি-বিদেশী বিভিন্ন মাধ্যম থেকে বই ও অন্যান্য পাঠ্য সামগ্রী সংগ্রহের চেষ্টা চালিয়ে যাচ্ছে। এর ধারাবাহিকতায় বর্তমানে এর সংগ্রহে প্রায় ২১০০ টি বই, ২০০ টি জার্নাল, ৫৬০০ ই-বুক এবং প্রচুর সংখ্যক ই-জার্নাল রয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার "ইউনিভার্সিটি ডিজিটাল লাইব্রেরি" এর মাধ্যমে বিশ্বের নামকরা প্রকাশনা সংস্থা যেমন- Taylor & Francis, Wiley, JSTOR, ACM Digital Library ইত্যাদি থেকে প্রচুর সংখ্যক ই-বুক, ই-জার্নাল, সাবস্ক্রাইব করেছে যা গবেষণার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার এর সংগ্রহশালাকে আরো যুগোপযোগী ও আধুনিক করণের লক্ষ্যে প্রচুর সংখ্যক বই, জার্নাল ও অন্যান্য পাঠ্য সামগ্রী ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে।

### সেবা

বর্তমান সময়ে গ্রন্থাগার সেবার ক্ষেত্রে আমূল পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। বেশীর ভাগ গ্রন্থাগারগুলো আধুনিক, সমৃদ্ধ ও প্রযুক্তি বান্ধব। এ লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর গ্রন্থাগার ও আর্কাইভ ও আধুনিক বিশ্বে বহুল ব্যবহৃত ও জনপ্রিয় গ্রন্থাগার সফট্ওয়্যার KOHA ইনস্টল করেছে। এর মূল লক্ষ্য হলো গ্রন্থাগার ব্যবস্থাপনার উন্নয়ন ও আধুনিকায়ন। কঙঐঅ ব্যবহারের মাধ্যমে বই লেনদেন সহজ ও দ্রুততর হচ্ছে। অপর দিকে বিশ্ববিদ্যালয়ের যাবতীয় প্রকাশনার আর্কাইভ হিসাবে DSpace সফটওয়্যার ইনস্টল করেছে।

### প্রশিক্ষণ



KOHA ও DSpace প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে রেজিস্ট্রার মহোদয় ও অতিথিদের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ

যে কোন প্রতিষ্ঠানের দক্ষ জনবল তার সম্পদ হিসাবে বিবেচনা করা হয়। গ্রন্থাগার তার জনবলকে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে ইতোমধ্যে KOHA ও DSpace এর উপর ০৫ দিনের এক প্রশিক্ষণের কার্যক্রম সম্পন্ন করা হয়।

প্রশিক্ষণ সমপনান্তে প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়। তাছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত গ্রন্থাগার বিষয়ক বিভিন্ন ট্রেনিং, ওয়ার্কশপ ও সেমিনার গ্রন্থাগার হতে নিয়মিত প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়।

### নিরাপত্তা

বর্তমান সময়ে নিরাপত্তা একটি প্রধান ইস্যু। তাছাড়া গ্রন্থাগার হলো এমন একটি জায়গা যেখানে সব শিক্ষার্থী শিক্ষক-গবেষকগণ একত্রিত হয়। তাছাড়া বিভিন্ন বিষয়ের মূল্যবান ও দুষ্প্রাপ্য বইয়ের সংরক্ষণাগার হলো গ্রন্থাগার। তাই গ্রন্থাগারের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এটি ২৪ ঘণ্টা সিসি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করা হয়।

### পড়াশুনার পরিবেশ

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে এর একাডেমিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তবে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ অল্প পরিসরে আধুনিক সময়োপযোগী ও প্রযুক্তি নির্ভর একটি গ্রন্থাগার গড়ে তুলতে নিরলসভাবে চেষ্টা করে যাচ্ছে। বর্তমানে গ্রন্থাগারটি শীতাতপ নিয়ন্ত্রিত ও ইন্টারনেট সুবিধাসহ নিরিবিলি পড়ার পরিবেশ নিশ্চিত করেছে। তাছাড়া কলেবর বৃদ্ধি লক্ষ্যে নতুন ফ্লোরে স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

## কলেজ, একাডেমী ও ইন্সটিটিউট পরিদর্শক এর কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের কলেজ, একাডেমী ও ইন্সটিটিউট পরিদর্শকের কার্যালয় কর্তৃক বাংলাদেশ মেরিন একাডেমিতে গত ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শন শেষে সুপারিশসহ একটি প্রতিবেদন প্রদান করা হয়। এছাড়া ও প্রতিবেদনে প্রদত্ত সুপারিশসমূহ বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট সংস্থাকে পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমির শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে একাডেমিতে Quality Assurance এর উপর একটি সেমিনারের আয়োজন করা হয়।

## অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমির উন্নয়ন কর্মকান্ড

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের একমাত্র অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের অধীনে ক্যাডেটদের ৪(চার) বছর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (বিএমএস) ডিগ্রি প্রদান করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, একাডেমির পাশ করা গ্রাজুয়েটগণ জাহাজের ক্যাপ্টেন ও চীফ ইঞ্জিনিয়ার হিসেবে দেশি ও বিদেশি জাহাজে কর্মরত থেকে দেশের জন্য সুনাম ও প্রতি বছর প্রায় ১৫০০ (এক হাজার পাঁচশত) কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় করছে, যা দেশের দারিদ্র্য বিমোচনসহ আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে। উল্লেখ্য, একজন মেরিনার গড়ে ২০ বছরের পেশাগত জীবনে দেশের জন্য ১০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকে।

| **২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ মেরিন একাডেমির নিমার্ণ/ উন্নয়ন কার্যক্রম:** | |
|---|---|
| ১. | একাডেমির সীমানা প্রাচীর (দক্ষিণ অংশ) উঁচু করণ এবং কাঁটা তার স্থাপন। |
| ২. | একাডেমির ডেমনস্ট্রেশন হল থেকে ক্যাডেটদের প্রশিক্ষণ লেক পর্যন্ত রাস্তা নির্মাণ। |
| ৩. | প্রশিক্ষণ লেক থেকে একাডেমির দক্ষিণ গেট পর্যন্ত রাস্তা নির্মাণ। |
| ৪. | একাডেমির ইনস্ট্রাকশনাল ব্লক থেকে নতুন ক্যাডেট ব্লক পর্যন্ত রাস্তা এবং ড্রেন নির্মাণ। |
| ৫. | পুরাতন ক্যাডেট ব্লক থেকে নতুন ক্যাডেট ব্লকের সংযোগ রাস্তাসহ সিঁড়ি নির্মাণ এবং ক্যাডেট ব্লকের পিছনে নতুন তৈরীকৃত খেলার মাঠে গমনের জন্য রাস্তা নির্মাণ। |
| ৬. | একাডেমির অভ্যন্তরের এইচ-টাইপ কোয়াটার (৪র্থ তলা) থেকে একাডেমির ধুপি শেড পর্যন্ত রাস্তা নির্মাণ। |
| ৭. | একাডেমরি মসজিদ হতে এফ-টাইপ কোয়ার্টার পর্যন্ত রাস্তা এবং ড্রেন নির্মাণ। |
| ৮. | এফ টাইপকোয়ার্টারের সম্মুখে সংযোগ রাস্তা নির্মাণ। |
| ৯. | একাডেমির বি-৫,বি-৬ এবং ডি-১ হতে ডি-৬ বাংলো আধুনিকীকরণ। |
| ১০. | পুরাতন ক্যাডেট ব্লকের সম্মুখ ভাগ আধুনিকায়ন ও আনুষঙ্গিক কর্ম সম্পাদন। |
| ১১. | পুরাতন ক্যাডেট ব্লকের করিডোর টাইলস সহ আনুষঙ্গিক কর্ম সম্পাদন। |
| ১২. | একাডেমির ইনস্ট্রাকশনাল ব্লক থেকে নতুন ক্যাডেট ব্লকের পিছনে খেলার মাঠ পর্যন্ত ড্রেন নির্মাণ। |

| | |
|---|---|
| ১৩. | পুরাতন প্রশাসনিক ভবন ও প্রশিক্ষণ ভবনের (১ম ও ২য় তলা ) অবশিষ্টাংশ টাইলস সহ আনুষঙ্গিক কর্ম সম্পাদন। |
| ১৪. | পুরাতন প্রশাসনিক ভবনের (৩য় তলা ) অবশিষ্টাংশ টাইলসসহ আনুষঙ্গিক কাজ। |
| ১৫. | মেরিন একাডেমির জন্য ১টি পাজেরো জীপ, ১টি পিক আপ (ডাবল ডেকার) এবং ১টি মাইক্রোবাস সংগ্রহ। |

## বিশ্ববিদ্যালয়ের জনবল

বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ নৌবাহিনীর ০১ জন রিয়ার এডমিরাল, ০৩ জন কমডোর, ০১ জন ক্যাপ্টেন, ০৪ জন কমান্ডার/ইঃকমান্ডার, ০২ জন লেঃ কমান্ডার, ০২ জন লেফটেন্যান্ট এবং বাংলাদেশ সেনাবাহিনীর ০২ জন লেঃ কর্নেলসহ সামরিক বাহিনীর মোট ১৫ জন অফিসার নিয়োগ/প্রেষণে/সংযুক্তিতে কর্মরত আছেন। এছাড়া ১৯ জন শিক্ষক, ২২ জন ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের, ০৮ জন ১০ম গ্রেডের বেসামারিক কর্মকর্তাএবং ১০২ জন কর্মচারীসহ সর্বমোট ১৬৬ জন জনবল বিভিন্ন পদে নিয়োজিত আছেন। ১৬৬ জনের মধ্যে নৌবাহিনীর সদস্য ৫০ জন, সেনাবাহিনীর কর্মকর্তা ০২জন এবং ১১৪ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন। উল্লেখ্য,উল্লেখিত ১৬৬ জন স্থায়ী জনবল ছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে দৈনিক ভিত্তিতে ১৯ জন কর্মচারী নিয়োজিত রয়েছে।

### কর্মকর্তা/শিক্ষকবৃন্দের পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| **সামরিক** | | |
| ১. | রিয়ার এডমিরাল | ০১ জন |
| ২. | কমডোর | ০৩ জন |
| ৩. | ক্যাপ্টেন | ০১ জন |
| ৪. | কমান্ডার | ০৪ জন |
| ৪. | লেঃ কর্নেল | ০২ জন |
| ৫. | লেঃ কমান্ডার | ০৩ জন |
| ৬. | লেফটেন্যান্ট | ০১ জন |
| | **মোট** | **১৫** জন |
| **বেসামরিক** | | |
| ১. | শিক্ষক | ১৯ জন |
| ২. | ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা | ২২ জন |
| ৩. | ১০ম গ্রেডের কর্মকর্তা | ০৮ জন |
| | **মোট** | **৪৯** জন |

### নৌবাহিনীর সদস্য এবং বেসামরিক কর্মচারীর পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| **সামরিক** | | |
| ১. | জেসিও'স এবং পিও | ১০ জন |
| ২. | লিডিং এবং নিম্নমান | ২৭ জন |
| | **মোট** | **৩৭** জন |
| **বেসামরিক** | | |
| ১. | ১১ থেকে ১৬তম গ্রেড | ৪৫ জন |
| ২. | ১৭ থেকে ২০তম গ্রেড | ২০ জন |
| ৩. | দৈনিক ভিত্তিক কর্মচারী | ১৯ জন |
| | **মোট** | **৮৪** জন |
| | **সর্বমোট** | **১৮৫** জন |




মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বক্তব্যরত মাননীয় উপাচার্য



মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ শেষে মাননীয় উপাচার্য



মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ



চট্টগ্রাম-১৪ আসনের মাননীয় এমপি জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী মহোদয়ের বিশ্ববিদ্যালয় পরিদর্শন



ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জামান কর্তৃক বক্তৃতা প্রদান



উপাচার্য মহাদয়ের সাথে মেরিন ক্যাপ্টেন মো. জিল্লুর রহমান- এর সৌজন্য সাক্ষাৎ



উপাচার্য মহোদয়ের স্বাগত ভাষণ ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান



প্রাক্তন উপাচার্য মহোদয়ের বিদায় অনুষ্ঠানে উপাচার্য ম্যাডাম (প্রাক্তনসহ) সহ অন্যান্যরা



প্রাক্তন উপাচার্য মহোদয়ের বিদায় অনুষ্ঠানে শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ



প্রাক্তন উপাচার্য মহোদয়ের বিদায় অনুষ্ঠানে উপহার প্রদানকালে প্রাক্তন ও বর্তমান উপাচার্য



বিশ্ববিদ্যালয়ের ২য় ট্রেজারার কমডোর এম খুরশীদ মালিক এর বিদায় অনুষ্ঠানে উপহার দিচ্ছেন মাননীয় উপাচার্য



তদানীন্তন উপাচার্য মহোদয় কর্তৃক মাল্টিপারপাজ ল্যাব উদ্বোধন



ইউজিসি ও বিএসএমআরএমইউ এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর




চায়না ওশানিক ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের সাথে বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষর




তদানীন্তন উপাচার্য মহোদয় কর্তৃক মাল্টিপারপাস ল্যাব উদ্বোধন



বার্ষিক বনভোজনে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করছেন প্রাক্তন ও বর্তমান উপাচার্য মহোদয়



বার্ষিক বনভোজনে একজন শিক্ষার্থী কর্তৃক  উপাচার্য ম্যাডামকে বরণ



বার্ষিক বনভোজনে মাননীয় উপাচার্য কর্তৃক গল্‌ফ খেলায় অংশগ্রহণ



বার্ষিক বনভোজনে প্রাক্তন উপাচার্য কর্তৃক গল্‌ফ খেলায় অংশগ্রহণ




বার্ষিক বনভোজনে সাবেক উপাচার্য (সস্ত্রীক) এবং বর্তমান উপাচার্য মহোদয়



বার্ষিক বনভোজনে শিক্ষার্থীদের সাংস্কৃতিক অনুষ্ঠান



এলএলএম মেরিটাইম ল শিক্ষার্থীদের সুপ্রিম কোর্ট পরিদর্শন



মহান বিজয় দিবস, ২০১৭ উপলক্ষ্যে আয়োজিত বিতর্ক প্রতিযোগীতা



পোস্টার ও দেয়াল লিখন প্রতিযোগীতায় বিজয়ী ও অন্যান্যদের মাঝে তৎকালীন উপাচার্য মহোদয়



চায়না প্রতিনিধি কর্তৃক প্রনীত বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস এর নকশা উপস্থাপন



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় এর মাননীয় উপাচার্য ও শিক্ষক কর্তৃক বিএসএমআরএমইউ পরিদর্শন




বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর ব্যারিস্টার তানজিব উল আলম কর্তৃক সেমিনার পরিচালনা




শিক্ষার্থীদের মাঝে আর্থ এন্ড ওশান সায়েন্স অনুষদের ডিন কমডোর শেখ মাহমুদুল হাসান



বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারে পাঠরত শিক্ষার্থীবৃন্দ



ভারতের National Institute of Oceanography এর Chief Scientist প্রসন্ন কুমার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের একটি কোর্স পরিচালনা শেষে উপহার গ্রহন



ভারতের ন্যাশনাল ওশান ইন্সটিটিউট এর প্রধান ড. সুনীল সিনহা কর্তৃক বিশ্ববিদ্যালয় পরিদর্শন



চট্টগ্রামের মাননীয় মেয়র জনাব আ জ ম নাসির উদ্দিন কর্তৃক বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসপ্রতিষ্ঠা সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য প্রদান



শিক্ষার্থীদের ইনডোর গেম্‌স প্রতিযোগীতা পরিদর্শনরত তৎকালীন মাননীয় উপাচার্য



বাংলাদেশে নিযুক্ত মরক্কোর কনসুল মিঃ জান রুমি এর বিশ্ববিদ্যালয় পরিদর্শন



শ্রীলঙ্কার ওশান ইউনভার্সিটির মাননীয় উপাচার্য কর্তৃক বিশ্ববিদ্যালয় পরিদর্শন



বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে উপাচার্য মহোদয়ের মতবিনিময়



পহেলা বৈশাখ, ১৪২৫ উৎযাপন র‌্যালিতে অংশগ্রহনকৃত শিক্ষার্থীবৃন্দ



কলম্বো ইন্টারন্যাশনাল নটিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কলেজ-এ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল



বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের জায়গার Feasibility Study এর জন্য এমআইএসটির সাথে চুক্তি স্বাক্ষর



চীনের সাংহাই এ অনুষ্ঠিত “Advanced Training Programme for Maritime Administrators and Officers” শীর্ষক প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিবৃন্দ



চীনের সাংহাই এ অনুষ্ঠিত "Advanced Training Programme for Maritime Administrators and Officers" শীর্ষক প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিবৃন্দ



বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে শিক্ষার্থীর চিকিৎসা গ্রহণ



বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ল্যাবে শিক্ষার্থীবৃন্দ



বিশ্ববিদ্যালয়ের ইনডোর গেমসে শিক্ষার্থীবৃন্দ




ভারতে অনুষ্ঠিত ১০ম সাউথ এশিয়ান ইউনিভার্সিটিস ইয়ুথ ফেস্টিভালে অংশগ্রহণকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ



ল্যাবরেটরি ওয়ার্কে শিক্ষার্থীবৃন্দ



ইন্ডাস্ট্রিয়াল ভিজিটে শিক্ষার্থীবৃন্দ



শিক্ষার্থীদের আউটডোর গেমস